# তাজমুলের সঙ্গে বুলবুলের বিরোধ

**সৌরভকুমার মিশ্র**

**হরিশ্চন্দ্রপুর, ৮ জুলাই :** বিরোধ মিটছে না কিছুতেই। বরং বিধানসভা নির্বাচন যত এগিয়ে আসছে, ততই দ্বন্দ্ব বাড়ছে হরিশ্চন্দ্রপুরের বিধায়ক ও মন্ত্রী তাজমুল হোসেন এবং জেলা পরিষদ সদস্য বুলবুল খানের মধ্যে। একুশে জুলাইয়ের প্রস্তুতি সভাতেও নতুন বিতর্কে জড়ালেন দুই তৃণমূল নেতা। রবিবার এমনই একটি সভায় বক্তব্য রাখার সময় তাজমুল মেজাজ হারিয়ে পাশে বসে থাকা বুলবুলকে আক্রমণ করেন বলে অভিযোগ। ভরা সভার মঞ্চেই মন্ত্রী তাজমুলের কাছে আক্রমণের কারণ জানতে চান বুলবুল। যা নিয়ে সভা চলাকালীন দুই নেতার অনুগামীদের মধ্যে হাতাহাতি ও ধস্তাধস্তির ঘটনা ঘটে বলে জানা গিয়েছে। সভায় দুই নেতার কথা কাটাকাটি এবং গণ্ডগোলের ভিডিও ইতিমধ্যে সোশ্যাল মিডিয়ায় ভাইরাল (যদিও ভিডিওটির সত্যতা যাচাই করেনি উত্তরবঙ্গ সংবাদ)। ওই ভিডিওকে কেন্দ্র করে দুই গোষ্ঠীর মধ্যে বাগযুদ্ধ চলছে। এমন পরিস্থিতিতে দুই নেতাকে নিয়ে বৈঠকে বসার সিদ্ধান্ত নিয়েছে তৃণমূলের জেলা কমিটি।

## অস্বস্তিতে তৃণমূল

তাজমুল এবং বুলবুলের দ্বন্দ্ব নতুন নয়। তা বাড়তি মাত্রা পেয়েছে রবিবারের সভার পর। দলীয় কার্যালয়েও ওইদিনের ঘটনা নিয়ে চলছে আলোচনা। তাজমুল, না বুলবুল, কে পেতে পারেন বিধানসভা ভোটের টিকিট? এমন প্রশ্নের উত্তর খোঁজার চেষ্টা করছেন দলের সাধারণ কর্মীরা। এমন আলোচনার মূলে রয়েছে রবিবারের ঘটনা। যদিও তাজমুলের দাবি, 'সেদিন এমন কিছু ঝামেলা হয়নি। পরে আমরা কথা বলে মিটিয়ে নিয়েছি।' কিছু না হলে মিটিয়ে নেওয়ার প্রসঙ্গ আসছে কোথা থেকে, প্রশ্ন উঠছে। অন্যদিকে বুলবুল বলছেন, 'উনি বয়োজ্যেষ্ঠ নেতা। আমি রাজনীতির পাশাপাশি শিক্ষকতা করি। উনি আমাকে শাসন করতেই পারেন। তবে জনসমক্ষে শাসাতে পারেন না।'

তৃণমূলের জেলা সভাপতি রহিম বক্সী ফোনে বলেন, 'দুই নেতাকে নিয়েই আলোচনায় বসব। এ ধরনের সমস্যা আমরা দলের মধ্যেই মিটিয়ে নিচ্ছি এবং আগামীতেও তাই হবে।'

### কুমারগঞ্জে অর্ধনগ্ন দেহ উদ্ধারে তদন্তের জের

# ধৃত নাবালিকার মেসো

**সুবীর মহন্ত ও বিশ্বজিৎ প্রামাণিক**

**বালুরঘাট ও কুমারগঞ্জ, ৮ জুলাই :** কুমারগঞ্জে নিখোঁজ নাবালিকার অর্ধনগ্ন দেহ উদ্ধারের পর থেকে যে ব্যক্তি দিনভর পরিবারের পাশে দাঁড়িয়ে শাস্তির দাবি করেছিল, ঘটনাচক্রে তার দিকেই যে অভিযোগের আঙুল উঠবে সেটাই কেউ বিশ্বাস করে উঠতে পারছেন না। ওই নাবালিকার মেসোকে মঙ্গলবার জেলা আদালতে পেশ করা হয়। পুলিশ ১৪ দিনের হেপাজতের জন্য আবেদন জানিয়েছিল। বিচারক সাতদিনের পুলিশ হেপাজত মঞ্জুর করেন।

মৃতার বাবা বললেন, 'মেয়ের মেসো যে এমন কোনও ঘটনা ঘটাতে পারে তা এখনও বিশ্বাসই হচ্ছে না।' ওই নাবালিকার দাদু বলল, 'আমরা ওর ফাঁসি চাই।' এই ঘটনায় ধর্ষণের অভিযোগ উঠলেও তা এখনও প্রমাণিত নয়। মঙ্গলবার নিজের দপ্তরে সাংবাদিক সম্মেলন করে দক্ষিণ দিনাজপুরের পুলিশ সুপার চিন্ময় মিত্তাল বলেন, 'পুরোনো পারিবারিক শত্রুতার জেরেই এই খুন হয়ে থাকতে পারে। কী কারণে ওই নাবালিকার মৃত্যু হল তা ময়নাতদন্তের রিপোর্ট আসার পরই জানা যাবে।'



*খুনে অভিযুক্তকে নিয়ে সাংবাদিক বৈঠকে পুলিশ সুপার। মঙ্গলবার।*

ওই নাবালিকা গত শুক্রবার নিখোঁজ হয়েছিল। পরিবার শনিবার কুমারগঞ্জ থানায় একটি মিসিং ডায়েরি করে। ঘটনার তিনদিন পর বাড়ি থেকে প্রায় তিন কিলোমিটার দূরের এক নির্জন পুকুরপাড় থেকে তার অর্ধনগ্ন মৃতদেহ উদ্ধার হয়। দেহে পচন ধরায় দুর্গন্ধ ছড়াতে শুরু করেছিল। দেহ উদ্ধারের পরই কুমারগঞ্জ থানার আইসি রামপ্রসাদ চাকলাদার, এসআই অনন্ত মণ্ডল ও এসআই রোহিত ভগতের নেতৃত্বে তদন্ত শুরু হয়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, এক হলুদ গেঞ্জি পরিহিত ব্যক্তির সঙ্গে ওই নাবালিকাকে শেষবার দেখা গিয়েছিল। এলাকায় খোঁজ চালাতেই জানা যায়, ওই ব্যক্তি আসলে তার মেসো। পুলিশের সন্দেহ ঘনীভূত হতেই তাকে জিজ্ঞাসাবাদ করা হয়। মোবাইল ফোনের তথ্যপ্রমাণ সহ একাধিক সূত্রে চাঞ্চল্যকর তথ্য তদন্তে উঠে আসে।

প্রাথমিক স্বীকারোক্তিতে ধৃত জানায়, তার স্ত্রী ও নাবালিকার বাবার মধ্যে অবৈধ সম্পর্ক আছে বলে সে সন্দেহ করত। এই সন্দেহ থেকেই সে পরিকল্পিতভাবে ওই নাবালিকাকে বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে খুন করে। পরিবারের অভিযোগ, ধর্ষণের পর ওই নাবালিকাকে খুন করা হয়। তবে এখনও পর্যন্ত ধর্ষণের কোনও লিখিত অভিযোগ জমা পড়েনি।

মৃতদেহ উদ্ধারের সময় নাবালিকার মেসোকে কান্নাকাটি করতে দেখা গিয়েছিল। তার 'অভিনয়' দেখে অনেকেই চমকে গিয়েছেন।

**তাজ্জব সবাই**

- গত শুক্রবার কুমারগঞ্জের এক নাবালিকা নিখোঁজ হয়, তিনদিন পর মৃতদেহ উদ্ধার
- নানা সূত্র ধরে পুলিশ ওই নাবালিকার মেসোকে গ্রেপ্তার করেছে
- পারিবারিক সমস্যার কারণে সে খুন করেছে বলে স্বীকার করেছে, তদন্তকারীদের দাবি
- দ্রুত তদন্ত করে অভিযুক্তকে গ্রেপ্তার করায় পুলিশের ভূমিকা প্রশংসা কুড়িয়েছে



*রূপশ্রী প্রকল্পের তদন্তে প্রশাসনের কর্তারা। মঙ্গলবার হরিশ্চন্দ্রপুরে।*

# বিবাহিতের অ্যাকাউন্টেও রূপশ্রীর টাকা

**সৌরভকুমার মিশ্র**

**হরিশ্চন্দ্রপুর, ৮ জুলাই :** কারও বিয়ে হয়ে গিয়েছে এক বছর, কারও বা তারও বেশি। কেউ আবার ইতিমধ্যে মাতৃত্বের স্বাদ পেয়েছেন। কিন্তু তাঁদের প্রত্যেকের নাম রয়েছে রাজ্য সরকারের রূপশ্রী প্রকল্পে। হরিশ্চন্দ্রপুর-২ ব্লকে প্রকল্পের আবেদন যাচাই করতে গিয়ে এমনই বড়সড়ো দুর্নীতির খোঁজ পেলেন ব্লক আধিকারিকরা। তিন ভুয়ো আবেদনকারীকে হাতেনাতেও ধরেছেন তাঁরা। একজনের অ্যাকাউন্টে টাকাও ঢুকে গিয়েছে বলে প্রশাসন সূত্রে খবর। এর পিছনে দালালচক্রের হাত রয়েছে বলে অভিযোগও উঠছে। তবে প্রাথমিকভাবে এই অভিযোগ মানতে চাইছেন না ব্লকের আধিকারিকরা। তাঁদের বক্তব্য, টাকা পাওয়ার আশায় আইনবহির্ভূতভাবে বিয়ের পরে আবেদন করা হয়েছিল।

বিবাহিতরাও রূপশ্রী প্রকল্পের টাকা পাচ্ছেন, এমন অভিযোগ উঠছিল বেশ কিছুদিন ধরেই। তাই আবেদনকারীদের স্ট্যাটাস জানার পর আবেদন মঞ্জুর করার সিদ্ধান্ত নিয়েছে হরিশ্চন্দ্রপুর-২ ব্লক প্রশাসন। সিদ্ধান্ত মোতাবেক মঙ্গলবার জয়েন্ট বিডিও সোনাম ওয়াংদি লামা, ব্লক ওয়েলফেয়ার অফিসার বাসুদেব পাল এবং রূপশ্রী প্রকল্পের ডিইও অষ্টমী ঘোষ দৌলতপুর, ইসলামপুর, ভালুকা অঞ্চল সহ একাধিক এলাকায় যান। এলাকাগুলি থেকে জমা পড়া রূপশ্রী প্রকল্পের আবেদনগুলি বাড়ি বাড়ি গিয়ে খতিয়ে দেখেন। এই কাজ করার সময়ই ভালুকা অঞ্চলের জগন্নাথপুর গ্রামে দুজনের এবং হাতিছাপা গ্রামের একজনের আবেদনে গরমিল পান তাঁরা। জানতে পারেন, তিনজনই বিবাহিত। জেরায় তাঁদের বাড়ির লোকেরাও স্বীকার করেন বিয়ের পর আবেদন করার কথা। বর্তমানে তাঁরা শ্বশুরবাড়িতে রয়েছেন বলেও জানতে পারেন প্রশাসনিক আধিকারিকরা। প্রসঙ্গত, কয়েক মাস আগে জগন্নাথপুর এলাকায় বেশ কয়েকটি ভুয়ো আবেদন ধরা পড়ে। জানা যায়, আবেদনকারীদের মধ্যে ছিলেন বিবাহিত ছেলেমেয়ের মা পর্যন্ত।

জয়েন্ট বিডিও সোনাম ওয়াংদি লামা বলেন, '১৩টির মধ্যে তিনটি আবেদন বাতিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কেননা, তাঁরা বিয়ের পর আবেদন করেছিলেন। ব্যবস্থাও নেওয়া হবে।' দালালচক্রের কথা মানতে নারাজ হরিশ্চন্দ্রপুর-২ ব্লকের বিডিও তাপস পাল। বলেন, 'অভিযুক্তরা শ্বশুরবাড়ি থেকে আবেদন করেছিলেন। একজনের অ্যাকাউন্টে টাকা ঢুকেছে, তা রিকভারি করা হবে।'

এদিকে, বিষয়টি নিয়ে রাজনৈতিক তর্জা শুরু হয়েছে। ফরওয়ার্ড ব্লকের জেলা কমিটির সদস্য অজিত সাহার অভিযোগ, 'সরকারি প্রকল্পের পঁচিশ হাজার টাকার জন্য গ্রামের মেয়েদের দাঁড় করাচ্ছে শাসকদল আশ্রিত কিছু দালাল।' তবে এই অভিযোগ ভিত্তিহীন বলে তৃণমূলের ব্লক সভাপতি তবারক হোসেন চৌধুরী জানিয়েছেন।

**যা ঘটেছে**

- রূপশ্রী প্রকল্পে আবেদনকারীদের মধ্যে সন্তানের মায়ের নাম
- বিয়ের পরও অনেকে আবেদন করছেন, প্রশাসনিক তদন্তে স্পষ্ট
- সরকারি এই প্রকল্পটিতেও শাসক-যোগে দুর্নীতি, অভিযোগ বিরোধীদের
- বিরোধীদের অভিযোগ মানতে নারাজ তৃণমূল, দালাল-যোগ অস্বীকার প্রশাসনের

# ধর্মঘটের সমর্থনে

**গৌড়বঙ্গ ব্যুরো**

**৮ জুলাই :** বিভিন্ন শ্রমিক সংগঠনের পক্ষ থেকে ৯ জুলাই দেশজুড়ে সাধারণ ধর্মঘটের ডাক দেওয়া হয়েছে। ধর্মঘটকে সফল করার দাবি নিয়ে মঙ্গলবার বাম এবং কংগ্রেসের শ্রমিক সংগঠনগুলি বিভিন্ন কর্মসূচি নেয়। মঙ্গলবার বৈষ্ণবনগর বাসস্ট্যান্ড থেকে একটি মিছিল শুরু হয়। বাম এবং কংগ্রেসের শ্রমিক সংগঠনের পক্ষ থেকে ওই মিছিল করা হয়। বাম নেতা রেজাউল করিম বলেন, 'মানুষের সমস্যা নিয়ে ভাবার সময় নেই কেন্দ্র বা রাজ্য সরকারের। সব জিনিসের দাম বৃদ্ধির কারণে সাধারণ মানুষের নাভিশ্বাস উঠেছে। তার প্রতিবাদে এই ধর্মঘট।' বালুরঘাটে বামফ্রন্ট মিছিল করে। পতিরামে বাম কর্মীরা দোকানে দোকানে প্রচার চালান। এছাড়াও, বামফ্রন্টের পক্ষ থেকে তপন ব্লকের চৌরঙ্গি মোড় ও করদহ মোড়ে মিছিল এবং পথসভা করা হয়।

# প্রকল্পের সূচনা

**বুনিয়াদপুর, ৮ জুলাই :** মঙ্গলবার বংশীহারীতে একগুচ্ছ উন্নয়নমূলক প্রকল্পের সূচনা করলেন রাজ্যের ক্রেতা সুরক্ষা দপ্তরের মন্ত্রী বিপ্লব মিত্র। এর মধ্যে রয়েছে, উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের অর্থানুকূল্যে প্রায় আড়াই কোটি টাকা ব্যয়ে মনসাদহ থেকে বড়গাছি পর্যন্ত একটি পাকা রাস্তা, পৌনে তিন কোটি টাকায় গিট্টিমোড় থেকে মোরগামারি পর্যন্ত পাকা রাস্তা ও দেড় কোটি টাকায় যাবরাহার থেকে বিষহরিডাঙ্গা পর্যন্ত পাকা রাস্তার কাজ। এছাড়া, জেলা পরিষদের অর্থানুকূল্যে প্রায় ৩৯ লক্ষ টাকায় কান্দরপুর থেকে কামাতপাড়া পর্যন্ত আরেকটি পাকা রাস্তা, ১৯ লক্ষ টাকায় দৌলতপুরে পুলিশ ফাঁড়ি, ৬ লক্ষ টাকায় ন্যাংড়াপির মাজার শরিফ নির্মাণ এবং ৭ লক্ষ টাকায় মল্লিকাদিঘির পাড় সংস্কারের সূচনা করেন বিপ্লব।

# দেওয়াল লিখন

**দক্ষিণ দিনাজপুর ব্যুরো**

**৮ জুলাই :** একুশ জুলাই শহিদ সমাবেশে উপস্থিতির হার বাড়াতে কোমর কষছে জেলা তৃণমূল। মঙ্গলবার দক্ষিণ দিনাজপুরে গ্রাম থেকে শহরে দেওয়াল লিখে, প্রচার কর্মসূচি চালানো হয় দলের তরফে। বালুরঘাট পুরসভার প্রতিটি ওয়ার্ডে স্থানীয় কাউন্সিলার ও নেতা-কর্মীরা রাস্তায় নেমে প্রচারে শামিল হন। কুশমণ্ডি ব্লকের করঞ্জি পঞ্চায়েতের একটি দেওয়ালে দলীয় প্রতীক ঘাসফুল আঁকেন বিধায়ক রেখা রায়। উপস্থিত ছিলেন ব্লক তৃণমূল সভাপতি করিমুল ইসলাম। রেখা বলেন, 'বিধানসভা এলাকায় ৩০ জায়গায় দেওয়াল লিখন কর্মসূচি হবে।' পতিরাম পঞ্চায়েতে প্রধান পার্থ ঘোষও ধরলেন তুলি-কালি। নাজিরপুরের কর্মসূচিতে অংশ নেন তৃণমূলের জেলা স্তরের নেতা মফিজুদ্দিন মিয়াঁ।

# নেতার হুমকির ভিডিও

**সুবীর মহন্ত**

**বালুরঘাট, ৮ জুলাই :** বালুরঘাট কলেজের ভাইরাল ভিডিওর রেশ না কাটতেই প্রকাশ্যে শহরের একটি আইন কলেজের ভিডিও। তবে এবার বালুরঘাট ল' কলেজের ভিডিওটি পোস্ট করে সমাজমাধ্যমে সরব হয়েছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বিজেপির সুকান্ত মজুমদার। এক্স হ্যান্ডেলে (সাবেক টুইটার) তাঁর পোস্ট করা ভিডিও নিয়ে যথারীতি শোরগোল পড়ে গিয়েছে দক্ষিণ দিনাজপুর জেলায়। ভিডিওতে দেখা যাচ্ছে, কলেজ ক্যাম্পাসে এক ছাত্র আরেক ছাত্রকে হুমকি দিতে দিতে কলার ধরে নিয়ে যাচ্ছে (ভিডিওটির সত্যতা যাচাই করেনি উত্তরবঙ্গ সংবাদ)। এই ছবিকে হাতিয়ার করে তৃণমূল বিরোধী প্রচারে নেমেছে বিজেপি। পদ্ম শিবিরের অভিযোগ, জেলার বিভিন্ন কলেজে এ ধরনের দাদাগিরি অব্যাহত রয়েছে। এই ভিডিওটি কতদিন আগের, তা স্পষ্ট নয়। তবে কলেজ ক্যাম্পাসের রাস্তায় আলপনা থাকায় ভিডিওটি সরস্বতীপুজোর সময়কালের বলে মনে করছেন অনেকেই। বিজেপি সাংসদ ও কেন্দ্রীয় মন্ত্রী সুকান্তর এমন পোস্টের প্রতিবাদ করেছেন বালুরঘাট ল' কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ সন্তোষকুমার তিওয়ারি। তিনি বলেন, 'ভিডিওতে যাদের দেখা যাচ্ছে, সেই ছাত্রদের সঙ্গে কলেজের কোনও সম্পর্ক নেই। একটা পুরানো ভিডিওকে প্রকাশ্যে এনে কলেজের বদনাম করার চেষ্টা হচ্ছে।'

> ভিডিওতে যাদের দেখা যাচ্ছে, সেই ছাত্রদের সঙ্গে কলেজের কোনও সম্পর্ক নেই। একটা পুরোনো ভিডিওকে প্রকাশ্যে এনে কলেজের বদনাম করার চেষ্টা হচ্ছে।
>
> **সন্তোষকুমার তিওয়ারি**
> *ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বালুরঘাট ল' কলেজ*


তৃণমূল ছাত্র পরিষদের জেলা সভাপতি অমরনাথ ঘোষ বলেন, 'এ বিষয়ে আমার কিছু বলার নেই। বালুরঘাট ল' কলেজে গত চার বছর ধরে সংসদের রুম খোলা হয় না। এই কলেজে তৃণমূল ছাত্র পরিষদের কোনও ইউনিটও নেই।'

# কীটনাশক খেয়ে মৃত্যু কিশোরীর

**হেমতাবাদ, ৮ জুলাই :** মোবাইল ফোন দেখা নিয়ে মায়ের কাছে বকুনি খেয়ে সপ্তম শ্রেণির এক ছাত্রী আত্মঘাতী হয়েছে বলে পরিবারের দাবি। মৃত নাবালিকা হেমতাবাদ হাইস্কুলের ছাত্রী ছিল। পুলিশ এই ঘটনায় অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে তদন্ত শুরু করেছে।

আত্মঘাতী ওই ছাত্রী হেমতাবাদ থানার বারইবাড়ি গ্রামের বাসিন্দা। নাবালিকারা তিন বোন এক ভাই। ওই নাবালিকা সবচেয়ে ছোট ছিল। সোমবার রাত ১১টা নাগাদ মোবাইল দেখা নিয়ে দাদার সঙ্গে ঝগড়া লাগে নাবালিকার। দুজনের মধ্যে ঝগড়া থামাতে গিয়ে আসেন মা। সেই সময় মা বকাবকি করেন ছোট মেয়েকে। তখন মায়ের ওপর অভিমান করে কীটনাশক খেয়ে ফেলে ওই পড়ুয়া। সঙ্গে সঙ্গে তাকে প্রথমে হেমতাবাদ গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে শারীরিক অবস্থার অবনতি হলে তাকে রায়গঞ্জ মেডিকেল কলেজে নিয়ে যাওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন।

নাবালিকার দেহ ময়নাতদন্তের পর পুলিশের হাতে তুলে দেওয়া হয়। রায়গঞ্জ থানা একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করেছে।




# মহড়ার মাঝে 'অচিনপুরে' চলে গেলেন পরিমল

**হরষিত সিংহ**

**মালদা, ৮ জুলাই :** মাসখানেক আগে শুরু হয়েছিল নতুন নাটকের মহড়া। গত ৬ জুন শেষবার মহড়া দিয়েছিলেন মালদার বিশিষ্ট নাট্যকার পরিমল ত্রিবেদী। বর্তমান সমাজের প্রেক্ষাপটে নতুন নাটক লিখেছিলেন তিনি। এই নতুন নাটকের নাম দিয়েছিলেন 'অচিনপুরের মানুষেরা'। এই নতুন নাটক নিয়ে চলছিল তাঁর কাজ ও মহড়া। তার মাঝেই নাটকের লেখক চলে গেলেন অচিনপুরে। তাঁর হঠাৎ মৃত্যুতে শোকস্তব্ধ মালদার নাট্যসমাজ।

ক্যানসারে আক্রান্ত হয়ে গত কয়েকদিন ধরে তিনি শয্যাশায়ী ছিলেন। ক্যানসার ধরা পড়ার পর গত ৭ জুন তাঁকে মুম্বই নিয়ে যাওয়া হয়। সেখানে দু'দিন চিকিৎসা হয়। পরিস্থিতি ভালো না থাকায় পরিবারের পক্ষ থেকে তাঁকে পুনরায় বাড়ি নিয়ে আসা হয়। সেখানে একটি নার্সিংহোমে প্রথম কয়েকদিন তাঁর চিকিৎসা চলে। তারপর তিনি শয্যাশায়ী হয়ে পড়ায় তাঁকে বাড়িতে রাখা হয়। অবশেষে মঙ্গলবার দুপুরে তিনি নিজের বাড়িতে প্রয়াত হন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭২ বছর। পরিবারে তাঁর ৯২ বছরের বৃদ্ধা মা রেণুকা ত্রিবেদী, স্ত্রী বর্ণালী ত্রিবেদী, দুই ছেলে দেবরাজ ত্রিবেদী ও জয়রাজ ত্রিবেদী রয়েছেন।

খবর পেয়ে জেলার নাট্যকার ও বিশিষ্টরা তাঁর বাড়িতে পৌঁছান। এদিন সন্ধ্যায় তাঁর মরদেহ মালদা দুর্গা কিংকর সদনে নিয়ে যাওয়া হয়। সেখানে মালদা থিয়েটার কমিউনিটি, মালদা থিয়েটার আড্ডা ও মালদা শিল্পী সংসদ সহ বিশিষ্টরা তাঁকে শেষশ্রদ্ধা জানান। মালদা শিল্পী সংসদের পক্ষ থেকে মলয় সাহা বলেন, 'মালদা তথা বাংলার একজন নাট্যকারকে হারালাম আমরা। বঙ্গরত্ন পরিমল ত্রিবেদী বিশিষ্ট নাট্যকার, পরিচালক এবং শিল্পী ছিলেন। তাঁর আত্মার শান্তি কামনা করি।'



মালদার বিশিষ্ট নাট্যকার পরিমল ২০২১-এ বঙ্গরত্ন ও নাট্য অ্যাকাডেমি পুরস্কার পেয়েছিলেন। মালদা মালঞ্চ নাট্য দলের প্রতিষ্ঠাতা ও প্রধান পৃষ্ঠপোষক ছিলেন তিনি। পেশায় তিনি একজন পঞ্চায়েতকর্মী ছিলেন। তবে নাটক ছিল তাঁর নেশা। ছোটবেলা থেকে নাটকের সঙ্গে জড়িত ছিলেন তিনি। অবসরের পর নাটকই তাঁর ধ্যানজ্ঞান হয়ে ওঠে। তাঁর রচিত নাটকগুলি সকলের মন ছুঁয়ে যেত। তিনি নিজে নাটক লিখতেন। তারপর সেই নাটকের পরিচালনা করতেন। এমনকি অভিনয় করতেন।

শুধু তিনি নয়, তাঁর পরিবারের সকলেই নাটকের সঙ্গে জড়িত। তাঁর ইচ্ছেতে এমনটা সম্ভব হয়েছিল। তাঁর অভিনয় ছিল অনবদ্য। মালদা মালঞ্চ দলের সদস্য তথা তাঁর ভাইপো যুবরাজ ত্রিবেদী বলেন, 'জেঠুকে দেখেই নাট্য জগতে আসা। জেঠুর লেখা নতুন নাটকের মহড়া শুরু হয়েছিল। গত মাসে শেষ মহড়া দেওয়ার পর জেঠু অসুস্থ হয়ে পড়েন। সোমবার জেঠুর সঙ্গে শেষকথা হয়। নাটক যেন বন্ধ না হয় সেই কথা বলেছিলেন তিনি। তাই নাটকের মধ্যে দিয়ে জেঠুকে বাঁচিয়ে রাখতে চাই আমরা। আগামী ২৯ জুলাই শিলিগুড়িতে আমাদের নাটক রয়েছে। আমরা সেখানে যাব এবং নাটক মঞ্চস্থ করব।'



# অঙ্গনওয়াড়ি কর্মীদের স্মারকলিপি

**বালুরঘাট, ৮ জুলাই :** একাধিক দাবি নিয়ে মঙ্গলবার দক্ষিণ দিনাজপুর জেলা শাসকের কাছে স্মারকলিপি পেশ করেন সারা বাংলা অঙ্গনওয়াড়ি সহায়িকা ও কর্মী সমিতির দক্ষিণ দিনাজপুর জেলা কমিটির সদস্যরা। কাজের ক্ষেত্রে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কর্মীদের বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয় বলে অভিযোগ। বিভিন্ন মহলে বারবার অভিযোগ জানিয়েও কোনও সুরাহা হয়নি। এই কারণে মঙ্গলবার বিকেলে ১২ দফা দাবিতে ব্যানার হাতে মিছিল করে এসে শতাধিক অঙ্গনওয়াড়ি সহায়িকা ও কর্মী জেলা শাসকের দপ্তরের সামনে জমায়েত করেন। তাঁরা জেলা প্রকল্প আধিকারিকের হাতে তাঁদের দাবি সংবলিত স্মারকলিপি তুলে দেন। জেলা শাসকের দপ্তরের সামনে তাঁরা নিজেদের দাবি নিয়ে মাইক হাতে সোচ্চার হন। সংগঠনের পক্ষ থেকে বিক্ষোভ প্রদর্শনও করা হয়।

সংগঠনের সহ সম্পাদক লতা বিশ্বাস বলেন, 'পুরোনো আইসিডিএস কেন্দ্রগুলির ভগ্নদশা হয়েছে। সেগুলি সংস্কার করতে হবে। কেন্দ্রগুলিতে বিদ্যুৎ সংযোগের অভাব রয়েছে। পাশাপাশি, মা ও শিশুদের কেওয়াইসি করার জন্য অতিরিক্ত সময় দিতে হবে।'

# তরুণকে কোপ

**রায়গঞ্জ, ৮ জুলাই :** জমি বিবাদকে কেন্দ্র করে গণ্ডগোলের জেরে ধারালো বস্তু দিয়ে কুপিয়ে এক তরুণকে খুনের চেষ্টার অভিযোগ উঠল রায়গঞ্জ থানার সিভিক ভলান্টিয়ার জাহাঙ্গির আলম সহ সাতজনের বিরুদ্ধে। এই সাতজনের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের হয়েছে। রায়গঞ্জ থানার ভাতুন গ্রাম পঞ্চায়েতের রুনিয়া সংলগ্ন মসলন্দপুর এলাকার ঘটনা।

জখম তরুণের নাম মুসা নাদিম আক্তার। বাড়ি রায়গঞ্জ থানার ভাতুন গ্রাম পঞ্চায়েতের মসলন্দপুর গ্রামে। ওই তরুণকে উদ্ধার করে রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়। তিনি বর্তমানে রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালের শল্য বিভাগে চিকিৎসাধীন।

# জয়ী তৃণমূল

**বুনিয়াদপুর, ৮ জুলাই :** সমবায় ভোটের মনোনয়নপত্রের শেষ দিন বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হল তৃণমূল কংগ্রেস। গাঙ্গুরিয়া পারের কান্ডারি সংঘ বহুমুখী সমবায় সমিতি লিমিটেডের ২০ সদস্যের পরিচালকমণ্ডলীর ভোটের জন্য মঙ্গলবার মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ছিল। বেলা ৩টে পর্যন্ত তৃণমূলের ২০ জন সদস্য মনোনয়নপত্র দাখিল করেন। নির্দিষ্ট সময়ের মধ্যে অন্যান্য দলের কেউ মনোনয়নপত্র দাখিল না করায় তৃণমূল বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়লাভ করে। ২০ জনকে নিয়ে নতুন বোর্ড গঠন করা হবে বলে বংশীহারী ব্লক সমবায় পরিদর্শক ময়ূখ চক্রবর্তী জানিয়েছেন।

# পথ নিরাপত্তা

**রতুয়া, ৮ জুলাই :** রতুয়া থানার পক্ষ থেকে মঙ্গলবার সেফ ড্রাইভ, সেভ লাইফ কর্মসূচি অনুষ্ঠিত হয়। থানা চত্বর থেকে একটি র‍্যালি বের হয়। সাধারণ মানুষকে পথ নিরাপত্তা সম্পর্কে সচেতন করতে এই উদ্যোগ। কর্মসূচিতে উপস্থিত ছিলেন রতুয়া থানার আইসি মানবেন্দ্র সাহা, এসআই শীতলপ্রসাদ ঝা প্রমুখ।



ছাত্র মৃত্যুর বিচারের দাবিতে জনমত সংগ্রহে প্রচার। মঙ্গলবার ভূতনিতে।

# আত্মহত্যার রিপোর্টে ক্ষুব্ধ মৃতের পরিবার

আজাদ

**মানিকচক, ৮ জুলাই :** আত্মহত্যা নয়, শিক্ষকের নির্মম অত্যাচারে মৃত্যু হয়েছে নাবালক ছাত্র শ্রীকান্ত মণ্ডলের। অবিলম্বে ওই শিক্ষককে গ্রেপ্তারের দাবিতে গত সাতদিন ধরে দেহ সৎকার না করে ছেলের দেহ আগলে রেখেছে পরিবার। একটি ফ্রিজে মৃতদেহ সংরক্ষণ করে রাখা হয়েছে। গত সোমবার সন্ধ্যায় ময়নাতদন্তের রিপোর্ট হাতে পেয়েছে পরিবার। আর ময়নাতদন্তের রিপোর্ট হাতে পেয়ে তোলপাড় এলাকা। প্রশাসনের তরফে আত্মহত্যা দাবি করা হলেও তা মানতে নারাজ মৃতের পরিবার ও গ্রামবাসী। ময়নাতদন্তের রিপোর্ট অনুযায়ী মাথা সহ দেহের বিভিন্ন জায়গায় বহু আঘাতের চিহ্ন মিলেছে। মৃতের পরিবার ও আইনজীবীর দাবি, শিক্ষকের নির্মম মারধরে মৃত্যু হয়েছে ছাত্রের।

কেন্দ্রীয় সংস্থার তত্ত্বাবধানে পুনরায় ময়নাতদন্তের দাবি তুলেছে মৃত ছাত্রের পরিবার। ফরেন্সিক তদন্তেরও দাবি জানিয়েছেন তাঁরা। অভিযুক্ত শিক্ষককে গ্রেপ্তার না করার প্রতিবাদে মানিকচক থানার পুলিশের বিরুদ্ধে আদালতে অভিযোগ জানানো হবে বলে ওই পরিবার জানিয়েছে। পুনরায় ময়নাতদন্তের দাবিতে এলাকায় গণস্বাক্ষর সংগ্রহ শুরু হয়েছে। পুনরায় ময়নাতদন্তের অনুমতি পেতে আদালতের দ্বারস্থ হতে চলেছেন মৃতের বাবা প্রেমকুমার মণ্ডল। শুধু তাই নয়, আন্দোলন গড়ে তুলতে ভূতনির তিনটি অঞ্চলে সাধারণ মানুষকে পাশে পেতে চলছে মাইকিং। আন্দোলনের খরচ জোগাতে চলছে অর্থসংগ্রহ।

গত বুধবার রাতে মানিকচকের একটি বেসরকারি আবাসিক স্কুলের হস্টেলে রহস্যজনকভাবে মৃত্যু হয় অষ্টম শ্রেণির ছাত্র শ্রীকান্তর। স্কুল কর্তৃপক্ষের দাবি, সে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। তবে স্কুল কর্তৃপক্ষের দাবি মানতে নারাজ মৃত ছাত্রের পরিবার। তাদের দাবি, নির্মমভাবে মারধর করে তাদের ছেলেকে মেরে ফেলা হয়েছে এবং অভিযুক্ত শিক্ষকের গ্রেপ্তারের দাবিতে দেহ সৎকার না করার সিদ্ধান্ত নেয় তারা। প্রেমকুমার বলেন, 'ময়নাতদন্তের রিপোর্ট অনুযায়ী সারা দেহে অনেক আঘাতের চিহ্ন মিলেছে। আমরা প্রথম থেকে দাবি করে এসেছি যে এটি আত্মহত্যা নয়, নির্মমভাবে মারধর করে আমার ছেলেকে মেরে ফেলা হয়েছে। আমরা চাই, পুনরায় ময়নাতদন্তের মাধ্যমে সঠিক ও স্বচ্ছ তদন্ত হোক। পুনরায় ময়নাতদন্তের দাবি নিয়ে আমরা হাইকোর্টের দ্বারস্থ হব।' আইনজীবী অভিজিৎ মিশ্র বলেন, 'সারা দেহে বহু আঘাতের চিহ্নই বলে দেয় ছাত্রটিকে নির্মমভাবে মারধর করে মেরে ফেলা হয়েছে। পরে আত্মহত্যা প্রমাণের চেষ্টায় ঝুলিয়ে দেওয়া হয়। কেন্দ্রীয় এজেন্সির তত্ত্বাবধানে পুনরায় ময়নাতদন্ত ও ফরেন্সিক তদন্তের দাবি নিয়ে আমরা হাইকোর্টের দ্বারস্থ হব। তাছাড়া অভিযোগ সত্ত্বেও কেন অভিযুক্তকে গ্রেপ্তার করা হল না, তার প্রতিবাদে মানিকচক থানার পুলিশের বিরুদ্ধে আমরা আদালতে অভিযোগ জানাব।'

> সারা দেহে বহু আঘাতের চিহ্নই বলে দেয় ছাত্রটিকে নির্মমভাবে মারধর করে মেরে ফেলা হয়েছে। পরে আত্মহত্যা প্রমাণের চেষ্টায় ঝুলিয়ে দেওয়া হয়। কেন্দ্রীয় এজেন্সির তত্ত্বাবধানে পুনরায় ময়নাতদন্ত ও ফরেন্সিক তদন্তের দাবি নিয়ে আমরা হাইকোর্টের দ্বারস্থ হব।
>
> **অভিজিৎ মিশ্র**
> আইনজীবী

## অভিযুক্তকে গণধোলাই, উদ্ধারে গিয়ে জখম পুলিশ

# টোটোয় ছাত্রীর শ্লীলতাহানি

সেনাউল হক

**কালিয়াচক, ৮ জুলাই :** ১০ বছরের এক বালিকার শ্লীলতাহানির অভিযোগে উত্তপ্ত হয়ে উঠল কালিয়াচকের করারি চাঁদপুর হারকালাটোলা এলাকা। ঘটনায় অভিযুক্ত টোটোচালককে উত্তেজিত জনতার হাত থেকে উদ্ধার করতে গিয়ে জখম হলেন এক সাব-ইনস্পেকটর সহ কয়েকজন পুলিশকর্মী।

ওই নাবালিকা কালিয়াচক এলাকার একটি নার্সারি স্কুলে পড়াশোনা করে। পরিবারের তরফে এক টোটোচালককে রাখা হয় মেয়েকে স্কুলে পৌঁছানো ও বাড়ি নিয়ে আসার জন্য। প্রতিদিনের মতো মঙ্গলবারও স্কুলে যায় মেয়েটি। ফেরার পথে তার শরীরে বেশ কয়েকবার হাত লাগায় ওই টোটোচালক। মেয়েটির আরও অভিযোগ, এর আগেও কয়েকবার তার শরীরে হাত দিয়েছিল সে এবং হাতে কয়েক টাকা গুঁজে দিয়ে ঘটনার কথা বলতে নিষেধ করে। এদিন বাড়িতে ফিরে ওই টোটোচালকের সব কুকীর্তি পরিবারের লোককে জানিয়ে দেয় মেয়েটি। তারপরেই ক্ষিপ্ত হয়ে ওঠেন পরিবারের লোকজন।



পরিস্থিতি সামাল দিতে ঘটনাস্থলে পুলিশ বাহিনী। (ডানে) জখম সাব-ইনস্পেকটর কার্তিক তালুকদার।

**কেন রোষ**

- অভিযুক্তকে মারধর করার খবর পেয়ে তাকে উদ্ধারে ঘটনাস্থলে পৌঁছে উত্তেজিত জনতার রোষে পড়ে পুলিশ
- জনতার দাবি ছিল, ধৃতের বিচার সকলের সামনেই হবে
- এসেই বেঁকে বসেন বিক্ষুব্ধরা এবং পুলিশের সঙ্গে ধস্তাধস্তি শুরু করে দেন
- ঘটনায় এক সাব-ইনস্পেকটর সহ কয়েকজন পুলিশকর্মী আক্রান্ত হয়েছেন
- ২০ জনকে আটক করা হয়েছে

ওই চালককে বেধড়ক মারধর করেন গ্রামবাসী ও মেয়েটির পরিবারের লোকজন। তার হাত-পা ভেঙে দেওয়া হয় বলে অভিযোগ। খবর পেয়ে কালিয়াচক থানার পুলিশ এসে টোটোচালককে উদ্ধার করার চেষ্টা করে। এতে বেঁকে বসেন ক্ষিপ্ত গ্রামবাসী। পুলিশের ওপরও চড়াও হন তাঁরা। বিক্ষুব্ধদের দাবি, ঘটনাস্থলেই ধৃতের বিচার হবে। দু'পক্ষে ধস্তাধস্তি শুরু হয়ে যায়। পুলিশ ও উত্তেজিত জনতার সংঘর্ষে উত্তপ্ত হয়ে ওঠে কালিয়াচকের করারি চাঁদপুর হারকালাটোলা এলাকা। জখম হন কালিয়াচক থানার সাব-ইনস্পেকটর কার্তিক তালুকদার সহ দুজন সিভিক ভলান্টিয়ার, এক ভিলেজ পুলিশ ও গাড়ির ড্রাইভার। পরিস্থিতি সামাল দিতে ঘটনাস্থলে বিশাল পুলিশবাহিনী নিয়ে ছুটে যান কালিয়াচকের এসডিপিও ফয়সাল রাজা, কালিয়াচক থানার আইসি সুমন রায় চৌধুরী। শুরু হয় ব্যাপক ধরপাকড়। বিকেল পর্যন্ত পুলিশ ২০ জন গ্রামবাসীকে আটক করে। এলাকায় পুলিশের টহলদারি শুরু হয়। যদিও আলতাফ শেখ সহ কয়েকজন গ্রামবাসীর অভিযোগ, যারা পুলিশের উপর হামলা চালিয়েছে, তাদের না ধরে বেশ কয়েকজন নিরীহ মানুষকে ধরে নিয়ে গিয়েছে পুলিশ।

পরিবারের তরফে টোটোচালকের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। এসডিপিও জানান, এক নাবালিকার শ্লীলতাহানির ঘটনায় অভিযুক্ত টোটোচালককে মারধর করা হয়। টোটোচালককে উদ্ধার করে থানায় নিয়ে আসার সময় পুলিশের ওপর হামলা চালান গ্রামবাসীরা। এক সাব-ইনস্পেকটর সহ কয়েকজন পুলিশকর্মী আক্রান্ত হয়েছেন। ২০ জনকে আটক করা হয়েছে। অপরদিকে, টোটোচালককে গ্রেপ্তার করা হয়েছে। তার বিরুদ্ধে পকসো মামলা দায়ের করা হবে। ঘটনার তদন্ত চলছে।


পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com
ঝুঁকির জীবন।। সুন্দরবনে ছবিটি তুলেছেন মালবাজারের অভীক চৌধুরী।

# বেহাল কালভার্টে চান্দুয়ায় মৃত্যুফাঁদ

মুরতুজ আলম

**সামসী, ৮ জুলাই :** চাঁচল-২ ব্লকের মালতীপুর গ্রাম পঞ্চায়েতের চান্দুয়ায় মরা মহানন্দা নদীর ওপরের কালভার্টটি যেন দিন-দিন মরণফাঁদে পরিণত হচ্ছে। কালভার্টটির যা অবস্থা তাতে যে কোনও সময় ভেঙে পড়তে পারে। তবুও সেটি মেরামতের ব্যাপারে প্রশাসনের কোনও হুঁশ নেই বলে অভিযোগ। মেরামতের অভাবে বর্তমানে সেটি কার্যত ধুঁকছে বলে জানিয়েছেন স্থানীয়রা। চাঁচল-২ ব্লকের বিডিও শান্তনু চক্রবর্তী অবশ্য বিষয়টি গুরুত্ব দিয়ে দেখার আশ্বাস দিয়েছেন।

স্থানীয় বাসিন্দা মোক্তার আহমেদের কথায়, '২০১৭ সালের বন্যায় জলের প্রচণ্ড চাপে কালভার্টটি আংশিক ক্ষতিগ্রস্ত হয়। তারপর থেকে সেখানকার পলেস্তারা খসে খসে পড়ছে, ফাটল দেখা দিয়েছে। দু'দিকের প্রাচীর বেশিরভাগই ভেঙে পড়েছে।' তবুও ঝুঁকিপূর্ণভাবে এর ওপর দিয়ে সাইকেল, বাইক সহ অন্য যানবাহন চলাফেরা করছে। যে কোনও সময় কালভার্টটি ভেঙে বড় ধরনের বিপদ ঘটতে পারে বলে আশঙ্কা গ্রামবাসীদের।

আরেক বাসিন্দা জাকির হোসেন জানান, চান্দুয়া গ্রামে মরা মহানন্দা নদীর ওপরের এই কালভার্টটি দিয়ে গ্রামের বাসিন্দারা হাটবাজার থেকে শুরু করে বিভিন্ন জায়গায় যাতায়াত করেন। গ্রামের স্কুল, কলেজ, মাদ্রাসা পড়ুয়ারাও যাতায়াতের জন্য এর ওপরেই নির্ভরশীল। অথচ কালভার্টটির যা অবস্থা, তাতে যে কোনও সময় ভেঙে পড়তে পারে। তাই দ্রুত এটি মেরামত কিংবা নতুন করে নির্মাণ করা প্রয়োজন।

স্থানীয় পঞ্চায়েত সদস্য আমিনুল ইসলাম রিক্সনও কালভার্টটির বেহাল দশার কথা স্বীকার করে জানান, বিষয়টিতে মালতীপুরের পঞ্চায়েত প্রধান এবং চাঁচল-২ ব্লকের বিডিওর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। যাতে কালভার্টটি মেরামত কিংবা নতুন করে নির্মাণ করা হয়। নাহলে যে কোনও সময় ওটি ভেঙে প্রাণহানি হতে পারে।

এবিষয়ে মালতীপুর পঞ্চায়েতের প্রধান ছোটেলাল নোনিয়ার বক্তব্য, 'চান্দুয়ায় মরা মহানন্দা নদীর ওপর বেহাল কালভার্টটি মেরামতের জন্য স্কিম তৈরি করে বিডিও মারফত জেলা প্রশাসনের কাছে অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। অর্থবরাদ্দ হলে খুব শীঘ্রই মেরামতের কাজ চালু করা হবে।'

> ২০১৭ সালের বন্যায় জলের প্রচণ্ড চাপে কালভার্টটি আংশিক ক্ষতিগ্রস্ত হয়। তারপর থেকে সেখানকার পলেস্তারা খসে খসে পড়ছে, ফাটল দেখা দিয়েছে। দু'দিকের প্রাচীর বেশিরভাগই ভেঙে পড়েছে।
>
> **মোক্তার আহমেদ**
> স্থানীয় বাসিন্দা


চান্দুয়ায় মরা মহানন্দা নদীর ওপর বেহাল কালভার্ট। - সংবাদচিত্র

# শ্লীলতাহানি, ধৃত স্কুলের দু'জন

অরিন্দম চক্রবর্তী

**কালিয়াগঞ্জ, ৮ জুলাই :** অবশেষে ঘটনা প্রকাশ্যে আসার প্রায় ছয়দিনের মাথায় কেন্দ্রীয় ও রাজ্য সরকারের অনুদানে চলা মহিলা হস্টেল কাণ্ডে দুই অভিযুক্তকে গ্রেপ্তার করল কালিয়াগঞ্জ থানার পুলিশ। সোমবার রাতে তরঙ্গপুরের বরাল এলাকা থেকে সুব্রত মণ্ডল এবং শহরের মণিবাগপাড়ার বাসিন্দা মিন্টু সাহাকে গ্রেপ্তার করে পুলিশ। মঙ্গলবার ধৃতদের পকসো আইনের আওতায় এনে রায়গঞ্জ জেলা আদালতে পেশ করা হয়। কালিয়াগঞ্জ থানার আইসি দেবব্রত মুখোপাধ্যায় জানান, অভিযোগের ভিত্তিতে চিরুনি তল্লাশি চলছিল। গোপন সূত্রে খবর পেয়ে সোমবার রাত ১টা নাগাদ অভিযুক্তদের বাড়ি থেকে গ্রেপ্তার করা হয়। ধৃতদের তিনদিনের পুলিশ হেপাজত মঞ্জুর করেছেন বিচারক। এদিন, ধৃত মিন্টু সাহা চুপ থাকলেও সুব্রত মণ্ডল দাবি করেন, মিথ্যা অভিযোগের শিকার হয়েছেন তিনি। এদিকে, প্রধান শিক্ষিকা এদিন অভিযুক্তদের গ্রেপ্তারির বিষয়ে মুখ খোলেননি।

উল্লেখ্য, ২ জুলাই কালিয়াগঞ্জের একটি মেয়েদের স্কুলের হস্টেলের হিসাবরক্ষক সুব্রত এবং অঙ্কনের শিক্ষক মিন্টুর বিরুদ্ধে মেয়েদের স্নানের জায়গায় সিসিটিভিতে নজরদারি এবং শ্লীলতাহানির অভিযোগ ওঠে। উত্তাল হয় স্কুল। হস্টেলের অধিকাংশ ছাত্রী প্রধান শিক্ষিকার কক্ষের সামনে বিক্ষোভ দেখায়। ছাত্রীদের পাশে দাঁড়ান ওই স্কুলের সহ শিক্ষিকারা। প্রথম দিনের বিক্ষোভে প্রশাসনিকভাবে প্রধান শিক্ষিকা কোনও পদক্ষেপ না করায় দ্বিতীয় দিন ফের বিক্ষোভে করে হস্টেল ছাত্রীরা। বিক্ষোভে যোগ দেন অভিভাবকদের একাংশও। পরিস্থিতি সামাল দিতে স্কুলে আসেন কালিয়াগঞ্জ থানার আইসি সহ বিশাল পুলিশবাহিনী। অভিযুক্তদের সুপরিকল্পিতভাবে বাঁচানোর অভিযোগ ওঠে অভিভাবকদের তরফে। পরিশেষে, স্থানীয় এসআই, পঞ্চায়েত সমিতির সভাপতি, জয়েন্ট বিডিওর মতো প্রশাসনিক কর্তাদের উপস্থিতিতে ওই দুই অভিযুক্তের বিরুদ্ধে কালিয়াগঞ্জ থানায় অভিযোগ দায়ের করেন প্রধান শিক্ষিকা। হস্টেল কাণ্ড প্রকাশ্যে আসতেই প্রধান শিক্ষিকার অপসারণের দাবিতে সোচ্চার হন বেশ কয়েকজন সহ শিক্ষিকা। প্রধান শিক্ষিকার বিরুদ্ধে সরকারি বিভিন্ন দপ্তরে স্মারকলিপি দেন তাঁরা। পাশাপাশি, সরব হয় বিভিন্ন রাজনৈতিক দলও। বিজেপি, কংগ্রেস, সিপিএমের তরফে স্কুলে বিক্ষোভ প্রদর্শন করা হয়।

# মিলেটমেলা

**বুনিয়াদপুর, ৮ জুলাই :** জোয়ার, বাজরা, রাগি চাষে উৎসাহ বাড়াতে মঙ্গলবার একদিনের 'মিলেট মেলা' আয়োজিত হয় বুনিয়াদপুরের সুকান্ত ভবনে। দক্ষিণ দিনাজপুর জেলা স্বাস্থ্য দপ্তর ও খাদ্য সুরক্ষা বিভাগের উদ্যোগে এই মেলার আয়োজন হয়। প্রদীপ প্রজ্বলন ও মিলেটের তৈরি কেক কেটে অনুষ্ঠানের সূচনা করেন ক্রেতা সুরক্ষা মন্ত্রী বিপ্লব মিত্র। উপস্থিত ছিলেন মুখ্য স্বাস্থ্য আধিকারিক সুদীপ দাস ও ডেপুটি স্বাস্থ্য আধিকারিক দেবাশিস পাল। বংশীহারী ব্লকের অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কর্মীরা মিলেটের তৈরি বিভিন্ন সুস্বাদু খাবার তৈরি করে মেলায় প্রদর্শন করেন। মিলেটের তৈরি বিভিন্ন খাবারের গুণ ও তৈরির পদ্ধতি ব্যাখ্যা করেন তাঁরা। প্রসঙ্গত, খাদ্য নিরাপত্তা ও পুষ্টি সচেতনতা বৃদ্ধির জন্য এই মেলার আয়োজন করা হয়। পাশাপাশি জোয়ার, বাজরা, রাগি চাষের গুরুত্ব ও উপকারিতা মানুষের মাঝে তুলে ধরা হয়।

মিলেট জাতীয় খাবার গ্লুটেনমুক্ত, ফাইবার সমৃদ্ধ এবং সহজে হজম হয়। এটি ডায়াবিটিস, উচ্চ রক্তচাপ ও স্থূলতা নিয়ন্ত্রণে সহায়ক। এই বিষয়টি সাধারণ মানুষের সামনে তুলে ধরা হয়। এদিন ছাত্রছাত্রীদের নিয়ে বসে আঁকো, কুইজ প্রতিযোগিতা হয়। বালুরঘাট নার্সিং ট্রেনিং স্কুলের ছাত্রীরা 'চলো ফিরি মিলেটে' শীর্ষক একটি নাটক মঞ্চস্থ করে। মেলাকে কেন্দ্র করে ব্যাপক উৎসাহ চোখে পড়ে।


রপ্তানির জন্য কার্টনে ভরা হচ্ছে আম। ছবি : পঙ্কজ ঘোষ

# জওয়ানকে ছোবল

**বামনগোলা, ৮ জুলাই :** মঙ্গলবার বামনগোলায় ভারত-বাংলাদেশ সীমান্তের খুটাদহ বিএসএফ ক্যাম্পের এক জওয়ানকে সাপ ছোবল মারে। সহকর্মীরা পঙ্কজ কুমার নামে ওই জওয়ানকে নিকটবর্তী গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। পরে তাঁকে মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে স্থানান্তর করা হয়। ওই জওয়ানের শারীরিক পরিস্থিতি বর্তমানে স্থিতিশীল।

# আমের রপ্তানি বাড়াতে উদ্যোগ

হরষিত সিংহ

**মালদা, ৮ জুলাই :** জেলায় দীর্ঘদিন থেকেই আমের কারবার বাড়ানোর দাবি উঠে আসছে। কিন্তু, পর্যাপ্ত পরিকাঠামো না থাকায় বিদেশে আম পাঠাতে গিয়ে একাধিক সমস্যার সম্মুখীন হচ্ছেন মালদার রপ্তানিকারকরা। মঙ্গলবার উদ্যানপালন দপ্তরের সচিব স্মারকী মহাপাত্র সহ তিনজনের একটি প্রতিনিধিদল মালদায় আসে। তাঁরা পুরাতন মালদায় সবজি ও ফলের বাগান, কালিয়াচকের মাশরুম চাষ ইত্যাদি পরিদর্শন করেন। এছাড়াও আমের প্রসেসিং ইউনিট ঘুরে দেখেন। আম সহ বিভিন্ন ফল, সবজি ও ফুল নিয়ে মঙ্গলবার মালদায় একটি রিভিউ মিটিং হয়।

এরপর জেলা প্রশাসনিক ভবনে একটি বৈঠক হয়। বৈঠকে উপস্থিত ছিলেন জেলা শাসক নীতিন সিংহানিয়া, উদ্যানপালন দপ্তরের আধিকারিক সামন্ত লায়েক প্রমুখ। এছাড়া মালদা মার্চেন্ট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির প্রতিনিধিদলের সদস্যরা উপস্থিত ছিলেন।

বৈঠকে আম রপ্তানির ক্ষেত্রে বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেন ব্যবসায়ী প্রতিনিধিদলের সদস্যরা। মালদা মার্চেন্ট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি উজ্জ্বল সাহা বলেন, 'আমের রপ্তানি বাড়ছে। এক্ষেত্রে আমাদের একাধিক সমস্যার মুখে পড়তে হয়। আমরা এই সমস্যাগুলি দাবিপত্র আকারে বৈঠকে পেশ করেছি। আশা করছি সমস্যার সমাধান হবে।'

জেলা শাসক বলেন, 'ফলন কেমন হচ্ছে, কোথায় কী সমস্যা রয়েছে এই বিষয়গুলি খতিয়ে দেখে ওই প্রতিনিধিদল। আগামীদিনে আম ও অন্যান্য সবজির বিক্রি ও রপ্তানি যাতে বাড়ে সেই উদ্যোগ নেওয়া হবে।'

# পিচ উঠে রাস্তা যেন চাষের জমি

স্বপনকুমার চক্রবর্তী

**বামনগোলা, ৮ জুলাই :** রাস্তার অবস্থা বেহাল। তার ওপর কিছু লোক অবৈধভাবে নিকাশিনালার ওপর জায়গা দখল করে রয়েছে। এমন অবস্থায় অতিষ্ঠ হয়ে উঠেছেন বামনগোলার ডাকাতপুকুর গ্রামের মানুষ। গ্রামের মানুষের অভিযোগ, রাস্তা ও নিকাশিনালার সংস্কারে প্রয়োজনীয় পদক্ষেপ নেই। রাস্তা সংস্কার ও দখলদারদের থেকে নিকাশিনালার অংশ উদ্ধার করার দাবিতে সম্প্রতি বামনগোলা ব্লক প্রশাসনের দ্বারস্থ হয়েছে স্থানীয় ডিএসএস ক্লাব কর্তৃপক্ষ।

স্থানীয় বাসিন্দা নমিতা রায় বলেন, 'মুদিপুকুর থেকে বামনগোলা পর্যন্ত ১০ কিমি রাস্তার অধিকাংশই বেহাল। তারমধ্যে ডাকাতপুকুরও রয়েছে।' বৃদ্ধা ফুলবালা রায় বলেন, 'প্রায় ২২ বছর আগে ২০০৩ সালে এই পাকা রাস্তাটি তৈরি হয়েছিল। তারপর মাত্র একবার সংস্কার হয়েছিল। তারপর আর কোনও কাজ হয়নি। কয়েক বছর ধরে রাস্তার অনেক জায়গায় পিচ উঠে গিয়ে গর্ত তৈরি হয়েছে। সকলের দুর্ভোগের কথা ভেবে রাস্তাটির সংস্কার করা দরকার।'

এদিকে ডাকাতপুকুর এলাকার ডিএসএস ক্লাবের সম্পাদক হরিপদ মাহাতো বলেন, 'আমরা ক্লাবের পক্ষ থেকে বিভিন্ন দপ্তরে রাস্তা ও নিকাশিনালার সমস্যা নিয়ে অভিযোগ জানিয়েছি। বামনগোলার বিডিও-র কাছেও অভিযোগ জানিয়ে সমস্যার সমাধান চেয়েছি। ডাকাতপুকুর গ্রামের ওপর দিয়ে যাওয়া পাকা রাস্তার পিচের চাদর আগেই উঠে গিয়েছে। রাস্তায় নানান মাপের গর্ত তৈরি হয়েছে। গর্তগুলিতে বর্ষায় বৃষ্টির জল জমে রাস্তার পরিস্থিতি আরও বেহাল হয়ে থাকছে। সম্প্রতি রাস্তার কারণে যাত্রী সহ একটি টোটো উলটে একজনের হাত ভেঙেছে। মাঝেমধ্যেই দুর্ঘটনা ঘটছে। অন্যদিকে, রাস্তার পাশে নিকাশিনালার অনেক জায়গা ভরাট করে বেদখল করেছে কিছু মানুষ। ফলে বৃষ্টির জমা জল যেতে না পেরে রাস্তায় জমে থাকছে।'

জেলা পরিষদের সদস্য অশোক সরকারও। তিনি বলেন, 'মুদিপুকুর থেকে বামনগোলা পর্যন্ত রাস্তাটির সংস্কারের জন্য প্রস্তাব পাঠানো হয়েছে। অনুমতি পেলে টেন্ডার ডাকা হবে। তারপর কাজ শুরু হবে।'


রাস্তার শোচনীয় দশা। ডাকাতপুকুর এলাকায়।

# পথ সংস্কারে বঞ্চনার নালিশ

**কুমারগঞ্জ, ৮ জুলাই :** কুমারগঞ্জ ব্লকে পূর্ব ভোঁওর এলাকায় রাস্তা সংস্কারের কাজ শুরু হয়েছে। কিন্তু বাদ গিয়েছে আদিবাসী অধ্যুষিত সাহা মোড় গ্রামের রাস্তা। দ্রুত রাস্তা তৈরির দাবি জানিয়েছেন এলাকার বাসিন্দারা। তাঁরা কুমারগঞ্জের বিডিও শ্রীবাস বিশ্বাসের কাছে অভিযোগ জানিয়েছেন। দাবি মানা না হলে জেলা শাসকের কাছে যাওয়ার কথা জানিয়ে দিয়েছেন বাসিন্দারা। বিডিও বলেন, 'অভিযোগ পেয়েছি। বিষয়টি সংশ্লিষ্ট দপ্তরকে জানানো হয়েছে।'

কুমারগঞ্জ ব্লকের পূর্ব ভোঁওর অঞ্চলে বাটুলপাড়া থেকে পলিপাড়া পাকা রোড ভায়া সাহাপুর হয়ে খাঁড়ি পর্যন্ত সিমেন্ট রাস্তা ঢালাইয়ের কাজ শুরু হয়েছে। ১ কোটি ১৫ লক্ষ টাকা ব্যয়ে প্রায় ২ কিলোমিটার ১৩০ মিটার রাস্তার কাজ শুরু হলেও আদিবাসী অধ্যুষিত সাহা মোড় গ্রামের ২৭০ মিটার রাস্তা বাদ গিয়েছে। এদিন সাহা মোড় গ্রামের ৩০০ জন আদিবাসী অভিযোগ জমা দেন কুমারগঞ্জের বিডিও শ্রীবাস বিশ্বাসের কাছে। এলাকার বাসিন্দা গণেশ সোরেন বলেন, 'ওয়ার্ক অর্ডারে আমাদের রাস্তার অংশ থাকা সত্ত্বেও কাজ বন্ধ আছে। বর্ষাকালে চলাফেরা করা অসম্ভব হয়ে পড়ে। সাইকেলও চালানো যায় না।' সরকারি উন্নয়ন প্রকল্পে কীভাবে একটি আদিবাসী পাড়া উপেক্ষিত হল, সেই প্রশ্ন তুলেছেন এলাকার বাসিন্দারা। সমস্যা মেটাতে দ্রুত ব্যবস্থার দাবি জোরালো হয়েছে।

## ছোট্ট তারা



গঙ্গারামপুরের টেকনো ইন্ডিয়া গ্রুপ পাবলিক স্কুলের ষষ্ঠ শ্রেণির ছাত্র সোমক চৌধুরী। ছবি আঁকার প্রতি তার ভীষণ আগ্রহ। বিভিন্ন প্রতিযোগিতায় অংশ নিয়ে পুরস্কার পেয়েছে।



ক্রেতার অপেক্ষায়। রায়গঞ্জের ঘড়ি মোড়ে ছবিটি তুলেছেন দিবাকর সাহা।

# স্মৃতির পাতায় সিনেমা হল



**একটা সময় ছিল যখন গঙ্গারামপুর শহরের বিকেল মানেই সিনেমা হলে উপচে পড়া ভিড়, সন্ধ্যার শো মানেই হাউসফুল বোর্ড, আর ছুটির দিনে টিকিট না পেয়ে হতাশ মুখে ফিরে যাওয়া। দুপুর ১টা, বিকেল ৪টা, সন্ধে ৭টা- এই তিনটি শো। আজ সেসব স্মৃতি। শহরে একসময়কার পাঁচটি সিনেমা হলের মধ্যে চারটি বন্ধ হয়ে গিয়েছে। টিকে রয়েছে রূপকথা সিনেমা হল। সেটিও অস্তিত্ব রক্ষার লড়াইয়ে জর্জরিত। লিখলেন জয়ন্ত সরকার।**



ভগ্নপ্রায় মিতা সিনেমা হল। ছবি : চয়ন হোড়

### শহরের প্রথম প্রেম

গঙ্গারামপুরের সিনেমা হল সংস্কৃতির সূচনা হয় ১৯৫৪ সালে। হাইরোডে স্বর্ণকমল মিত্রের হাত ধরে জন্ম নেয় 'মন্দিরা সিনেমা হাউস', যা পরে 'কল্যাণী সিনেমা' হলেও শহরবাসীর কাছে পরিচিত ছিল 'মিত্র সিনেমা' নামে। এটি ছিল শহরের প্রথম সিনেমা হল। যদিও এই সিনেমা হলটি 'ওপেন এয়ার সিনেমা' হিসেবে অস্থায়ী লাইসেন্সপ্রাপ্ত ছিল। স্থায়ী লাইসেন্স পায়নি। তখনকার দিনে ৬ মাস কিংবা ৯ মাস সময় করে অস্থায়ী লাইসেন্স দেওয়া হত। এরপর একে একে আসে আরও চারটি হল। 'রূপশ্রী টকিজ' যা পরে নাম পালটে হয় 'মিতা সিনেমা', 'গণেশ টকিজ', 'রূপকথা সিনেমা' এবং 'অপ্সরা সিনেমা'। তৎকালীন শ্রমজীবী শ্রেণি- তাঁতশিল্পী, রিকশাচালক, হাটে আসা সাধারণ মানুষ ছিলেন সিনেমার প্রধান দর্শক। ধলদিঘির মেলা, শিববাড়ির হাট, বড়বাজার হাট এবং ভিকাহার হাটে জমায়েত হওয়া মানুষেরা সন্ধ্যায় ঢুঁ মারতেন সিনেমা হলে। সাত থেকে নয়ের দশক ছিল এই শহরের সিনেমা সংস্কৃতির স্বর্ণযুগ।

### কেন হারিয়ে গেল সিনেমা হল?

২০০০ সালের পর থেকে শহরের অর্থনৈতিক চিত্র পালটাতে থাকে। তাঁতশিল্পে মন্দা নামে, রিকশা কমে যায়, ঐতিহ্যবাহী হাটগুলোর কদর কমে। ধলদিঘির ঐতিহ্যবাহী এক মাসের মেলা এখন এক সপ্তাহে সীমাবদ্ধ। শহরের আর্থসামাজিক পরিবর্তনের পাশাপাশি বিনোদনের অভ্যাসেও আসে আমূল পরিবর্তন। তার সঙ্গে সঙ্গে সিনেমা দেখার আধুনিক অনেক মাধ্যম এসে যায়। টিভি, মোবাইল, ওটিটি, অনলাইন বিভিন্ন প্ল্যাটফর্মে মানুষ বাড়িতে বসেই উন্নত প্রযুক্তির ভালো ছবি দেখতে অভ্যস্ত হয়ে ওঠেন। যে সংখ্যক মানুষ এখন সিনেমা হলে যেতে চান তাঁদের বেশিরভাগ এখন মাল্টিপ্লেক্সে সিনেমা দেখতে বেশি স্বাচ্ছন্দ্যবোধ করেন। তবে গঙ্গারামপুরের আর্থসামাজিক অবস্থা এখনও মাল্টিপ্লেক্সে সিনেমা দেখার মতো অবস্থায় নেই বলেই মনে করছেন 'গণেশ টকিজ' সিনেমা হলের প্রয়াত মালিকের ছেলে সঞ্জয় মুন্দ্রা। তাঁর কথায়, 'বাবার স্মৃতিতে আমরা আবার সিনেমা হল নতুন করে চালু করতে চেয়েছিলাম। তবে এখানে বেশি টাকায় সিনেমা দেখার লোক নেই। তাই আর নতুন করে চালু করিনি।' রূপকথা সিনেমা হলের মালিক দীপককুমার গুণ বলেন, 'এখন সিঙ্গল স্ক্রিনের বাজার নেই।' একই মতামত রূপশ্রী হল তথা মিতা সিনেমা হলের প্রথম মালিকের নাতি অমিতাভ সাহা ও বর্তমান মালিক ঈশ্বর সরকারেরও। তাঁরাও বলছেন, এখন আর মানুষ হলে গিয়ে সিনেমা দেখতে চান না।

### প্রযুক্তির বিপ্লব

গঙ্গারামপুরের বিশিষ্ট অধ্যাপক ও সাংস্কৃতিক গবেষক রাজীব সাহা বলেন, 'গত এক দশক বা তার বেশি সময়ে মানুষের বিনোদনের বিকেন্দ্রীকরণ ঘটেছে। তাঁদের সামনে অনেক বিকল্প যেমন এসেছে, তেমনি একটা নির্দিষ্ট সময় বের করে সিনেমা হলে যাওয়ার প্রবণতাও কমেছে। সিনেমা বা নাটক দেখার দর্শক কমেনি। তাঁরা শুধুমাত্র নিজেদেরকে অন্য মাধ্যমে সরিয়ে নিয়েছেন।' কলেজ পড়ুয়া শুভজিৎ মণ্ডলের কথায়, 'বর্তমানে মোবাইল ফোন আর ওটিটি প্ল্যাটফর্মে ওয়েব সিরিজ দেখার প্রবণতা বেড়ে গিয়েছে।'

### ফিরে আসবে দিনগুলি?

রূপকথা হলের মালিক দীপকবাবু বলেন, 'এই অবস্থার পরিবর্তন করতে গেলে সিনেমা হলগুলির রি-মডেলিং প্রয়োজন। উন্নত মেশিন, উন্নত সাউন্ড সিস্টেম সহ পরিকাঠামোর পরিবর্তন করতে হবে। যার জন্য প্রচুর টাকার দরকার। প্রতিদিন ৪০-৫০ হাজার টাকা কালেকশন হলে আমি ২-৩ কোটি টাকা খরচ করে হলে নতুন প্রযুক্তি আনতে রাজি। কিন্তু এই শহরে ৩০০ টাকার টিকিটে সিনেমা দেখতে লোক পাওয়া যায় না।'

### ধারণা ছিল না

বিশিষ্ট সাহিত্যিক প্রলয় মিত্র বলেন, 'আগে এখানকার মানুষের সিনেমা সম্পর্কে তেমন ধারণা ছিল না। অনেকেই মনে করতেন, পর্দার বেশি সামনে থাকলে হয়তো বেশি ভালো দেখা যায়। তাই বেশি টাকার টিকিট কেটে তখন অনেকে পর্দার সামনে বসতেন।'

# নিরাপত্তায় আরও সিসিটিভি

**পঙ্কজ মহন্ত**

**বালুরঘাট, ৮ জুলাই :** ইভটিজিং, শ্লীলতাহানির মতো ঘটনা রুখতে সিসিটিভি ক্যামেরা বসানো হয়েছে বালুরঘাট পুরসভার বিভিন্ন জায়গায়। কিন্তু এখনও পর্যন্ত অনেক জায়গাতেই ক্যামেরা লাগানো হয়নি। আরও ৭৫টি সিসিটিভি ক্যামেরা লাগাতে হবে বলে পুর কর্তৃপক্ষ জানিয়েছে। আগামী তিন মাসের মধ্যে এই কাজ শেষ হয়ে যাবে বলে বালুরঘাট পুরসভার চেয়ারম্যান অশোক মিত্র জানিয়েছেন।

বালুরঘাট পুরসভার চেয়ারম্যান বলেন, 'শহরের নিরাপত্তা সুনিশ্চিত করতে পুলিশ-প্রশাসনের তরফে আমাদের কাছে আহ্বান জানানো হয়েছিল। আমরা শহরজুড়ে ১৪৫টি সিসিটিভি ক্যামেরা লাগিয়েছিলাম। নতুন করে নিরাপত্তা জোরদার করতে ৭৫টি সিসিটিভি ক্যামেরা লাগানোর সিদ্ধান্ত হয়েছে। ইতিমধ্যেই কাজ শুরু হয়েছে। যার মধ্যে ট্রাক টার্মিনাস সহ বিভিন্ন জনবহুল ও ফাঁকা এলাকা, উদ্যানে ক্যামেরা বসানো হবে। কাজ শেষ হলে পুলিশকে তা হস্তান্তর করা হবে।'

অন্যদিকে, বালুরঘাট থানার আইসি সুমন্ত বিশ্বাস বলেন, 'থানা চত্বরে আলাদা করে কন্ট্রোল রুম তৈরি করা হয়েছে, যেখানে সিসিটিভি ক্যামেরার মাধ্যমে নজরদারি চলে। কোথাও কিছু অস্বাভাবিক নজরে পড়লে কুইক রেসপন্স টিম সেখানে পৌঁছে যাবে। মহিলা থানার অধীনে পিঙ্ক পেট্রল ও উইনার্স টিম শহরজুড়ে অভিযান চালায়। আরও সিসিটিভি ক্যামেরা বসলে শহরের নিরাপত্তা আরও আঁটোসাঁটো হবে।'

বালুরঘাটের এখনও ট্রাক টার্মিনাস, বাসস্ট্যান্ড, বিভিন্ন উদ্যান সহ একাধিক এলাকা নজরদারির আওতায় আসেনি। বিভিন্ন উদ্যানে বিভিন্ন সময়ে অশালীন কাজের অভিযোগ ওঠে।

এবার বালুরঘাট শহরের বিভিন্ন পার্ক, মঙ্গলপুর ট্রাক টার্মিনাস সহ বিভিন্ন জায়গায় এই সিসিটিভি ক্যামেরা বসানো হবে। ইতিমধ্যে বালুরঘাট থানার চত্বরে কন্ট্রোল রুম তৈরি করা হয়েছে, যেখানে সিসিটিভি ক্যামেরা বসিয়ে শহরের বিভিন্ন প্রান্তে নজরদারি চালাচ্ছে পুলিশ।

এই কন্ট্রোল রুমেই ২৪ ঘণ্টার জন্য মোতায়েন করা হয়েছে কর্মী। কোথাও কোনও দুর্ঘটনা বা অপ্রীতিকর অবস্থা নজরে পড়লেই সক্রিয় ভূমিকা নেবে কুইক রেসপন্স টিম। এমন উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন বালুরঘাটের বাসিন্দারা।

এলাকার দশম শ্রেণির ছাত্রী অনসূয়া সরকার বলে, 'অনেক বান্ধবীর কাছেই শুনি স্কুল আসতে ও যেতে কিছু ছেলে পিছু নেয়। তাদের উদ্দেশ্যে কটূক্তি পর্যন্ত করা হয়। কিন্তু লোকলজ্জার ভয়ে সবসময় অভিযোগ জানানো হয় না।'

গোটা বালুরঘাট শহর এলাকাকে সিসিটিভি ক্যামেরায় মুড়ে ফেললে মহিলাদের নিরাপত্তা আরও জোরদার হবে বলে অভিমত দশম শ্রেণির এই ছাত্রী অনুসূয়ার। এই উদ্যোগকে সাধুবাদ জানান সকলে।



**বালুরঘাটে নজর**

- শহরে বসবে ৭৫টি সিসিটিভি ক্যামেরা
- বিভিন্ন স্পর্শকাতর এলাকায় থাকবে ক্যামেরাগুলি
- ট্রাক টার্মিনাস, বিভিন্ন উদ্যানে বসবে সিসিটিভি ক্যামেরা
- প্রস্তুত কুইক রেসপন্স টিম, থাকছে ২৪ ঘণ্টা নজরদারি

## অন্তঃসত্ত্বা স্ত্রীকে নির্যাতনে ধৃত

**পুরাতন মালদা, ৮ জুলাই :** অন্তঃসত্ত্বা স্ত্রীর ওপর নির্যাতন এবং গর্ভস্থ ভ্রূণকে নষ্ট করে দেওয়ার অভিযোগে সোমবার এক তরুণকে গ্রেপ্তার করে মালদা থানার পুলিশ। ছয় বছর আগে ওই তরুণের সঙ্গে ওই নির্যাতিতার বিয়ে হয়। তাঁদের দুই সন্তান আছে। নির্যাতিতা দেড় মাসের অন্তঃসত্ত্বা ছিলেন। অমানবিক এই ঘটনায় এলাকাজুড়ে ব্যাপক চাঞ্চল্যর সৃষ্টি হয়েছে। কান্নাভেজা গলায় নির্যাতিতার বাবা বলেন, 'জামাই আমার মেয়েকে সবসময় সন্দেহ করত। আর সেই সন্দেহের বশে চলত মারধর। সোমবার সকালে চিকিৎসকের রিপোর্ট হাতে পেয়ে জানলাম, আমার মেয়ের গর্ভস্থ ভ্রূণ নষ্ট হয়ে গিয়েছে।'

ওই দম্পতির মধ্যে ঝগড়া-ঝামেলা প্রায় রোজকার ঘটনা ছিল। সম্প্রতি অশান্তি চরমে পৌঁছালে নির্যাতিতা বাপের বাড়িতে চলে যান। ধৃত তরুণ সেখানেও পৌঁছে যান। চলে পাশবিক অত্যাচার। যার ফলে গর্ভস্থ ভ্রূণটি নষ্ট হয়ে যায়। সোমবার বিকেলে থানায় অভিযোগ করা হলে পুলিশ অভিযুক্তকে গ্রেপ্তার করে।

## পুকুর ভরাটে বাধা

**রায়গঞ্জ, ৮ জুলাই :** রায়গঞ্জ শহরের ১৪ নম্বর ওয়ার্ডের উকিলপাড়ায় শতবর্ষ পুরোনো একটি পুকুর ভরাট করার সময় বাধা দেন এলাকার স্থানীয়রা। তাঁরা জানান, পুকুর যাতে ভরাট করা না হয় সেজন্য গত ৪ জুলাই তাঁরা মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানিয়েছিলেন। তারপর সোমবার মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে স্থানীয়দের সঙ্গে যোগাযোগ করা হয়। পুকুরটির অতীত ও বর্তমান অবস্থা সম্পর্কে জানতে চাওয়া হয়। এই ঘটনার পরেই সোমবার গভীর রাতে মাটি ভর্তি ডাম্পার হাজির হয় এলাকায়। জমির মালিকের সঙ্গে স্থানীয়দের বচসা বেধে যায়। এলাকার মহিলারা পুকুর ভরাটের কাজ আটকে দেন। স্থানীয় বাসিন্দা কল্যাণী রজক বলেন, 'মালিকপক্ষ পুকুর ভরাট করতে এলে পাড়ার মহিলারা আর্থমুভার এবং ডাম্পার গাড়ি আটকে প্রতিরোধ করেন।' যদিও মহকুমা শাসক কিংশুক মাইতি বলেন, 'বিষয়টি ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের। মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে কেউ কিছু শোনেননি।'

## নারকেল চুরি

**রায়গঞ্জ, ৮ জুলাই :** রায়গঞ্জের সুদর্শনপুর এলাকায় নারকেল চুরি যাওয়া রোজকার ঘটনা। এই এলাকায় সোমবার রাত ৯টা নাগাদ নারকেল চুরি করতে গিয়ে দুই তরুণ ধরা পড়ে। এলাকাবাসী তাদের পুলিশের হাতে তুলে দেন।

## টুকরো খবর

### স্মারকলিপি

**রায়গঞ্জ, ৮ জুলাই :** মঙ্গলবার রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দুর্লভ সরকারকে স্মারকলিপি দিলেন তৃণমূল শিক্ষাবন্ধু সমিতির সদস্যরা। সংগঠনের বিশ্ববিদ্যালয় পরিদর্শক বিজয় দাস বলেন, '৩ জুলাই অধ্যাপক দেবাশিস বিশ্বাস গ্রন্থাগারে ঢুকে তদন্ত কমিটির পিওন অজয় মিশ্রকে হেনস্তা করেছেন। তদন্ত কমিটির বিভিন্ন বিষয় নিয়ে প্রশ্ন তুলে সংবাদমাধ্যমের কাছে বিবৃতি দিয়েছেন। একজন সাক্ষী কীভাবে তদন্ত কমিটির পিওনকে ভয় দেখান? অবিলম্বে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে হবে। নাহলে বৃহত্তর আন্দোলন নামব আমরা।' অন্যদিকে, অধ্যাপক বিশ্বাস জানান, উপাচার্য তাঁকে সংবাদমাধ্যমে মুখ খুলতে নিষেধ করেছেন, তাই তিনি কিছু বলতে পারবেন না। রেজিস্ট্রার বলেন, 'স্মারকলিপির কপি উপাচার্যের কাছে পাঠানো হবে। তাঁর নির্দেশমতো যা যা করার করা হবে।'

### রক্তদান

**বালুরঘাট, ৮ জুলাই :** জেলায় রক্তের সংকট দূর করতে এগিয়ে এল জেলার পুলিশ ও প্রশাসন। মঙ্গলবার বালুরঘাট থানায় জেলা পুলিশ সুপার, জেলা শাসক সহ একাধিক আধিকারিকদের উপস্থিতিতে আয়োজিত হল রক্তদান শিবির। দক্ষিণ দিনাজপুর ভলান্টারি ব্লাড ডোনার্স ফোরামের সহযোগিতায় এই শিবিরে ৪৩ জন রক্তদান করেন। তাঁদের মধ্যে ১২ জন প্রথমবার রক্তদান করেন। পাশাপাশি, এদিন ট্রাফিক পুলিশের তরফে পথ নিরাপত্তা সপ্তাহ পালিত হয়েছে। শহরজুড়ে পদযাত্রা করে হেলমেট বিলি করা হয়েছে।

### শরবত বিতরণ

**রায়গঞ্জ, ৮ জুলাই :** জৈনধর্মের শ্বেতাম্বর তেরাপন্থী গুরু আচার্য বিচ্ছু মহারাজের ৩০০তম জন্মদিন উপলক্ষ্যে মঙ্গলবার দুপুরে মোহনবাটিতে মাড়োয়ারি ভবনের সামনে সাধারণ মানুষের মধ্যে শরবত বিতরণ করা হয়। ৮০০ জন পথচলতি মানুষের হাতে শরবত তুলে দেন উদ্যোক্তারা। সারাদিন নানান ধর্মীয় অনুষ্ঠান চলে।

### উদ্বোধন

**বালুরঘাট, ৮ জুলাই :** অন্ধকার নামলে এখনও বালুরঘাটের বিভিন্ন এলাকা অন্ধকারে ডুবে থাকে। আলোর সমস্যা দূর করতে বালুরঘাটের বিভিন্ন এলাকায় সৌরবাতি উদ্বোধন করলেন বালুরঘাটের বিধায়ক অশোক লাহিড়ি। মঙ্গলবার শহরের চকভবানী কালীবাড়িতে পুজো দিয়ে মন্দির চত্বরে ও অমৃতখণ্ড গ্রাম পঞ্চায়েতের কামারপাড়া হাট এলাকায় বিধায়ক তহবিলের অর্থবরাদ্দে সৌরবাতি বসানো হয়েছে।

## বালুরঘাটে পালিত সৌরভের জন্মদিন

**বালুরঘাট, ৮ জুলাই :** মঙ্গলবার বালুরঘাটে সৌরভ গঙ্গোপাধ্যায় ফাউন্ডেশনের উদ্যোগে পালিত হল ভারতের ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক সৌরভ গঙ্গোপাধ্যায়ের ৫৩তম জন্মদিন। এদিন ইংল্যান্ডে থাকলেও ভার্চুয়াল মাধ্যমে এই অনুষ্ঠানে যোগ দেন 'দাদা' সৌরভ গঙ্গোপাধ্যায়। দক্ষিণ দিনাজপুর জেলা ক্রীড়া সংস্থার বালুরঘাট স্টেডিয়ামের অপু শিশির সভাকক্ষে অনুষ্ঠানটি আয়োজিত হয়। উপস্থিত ছিলেন জেলা থেকে বাংলার রনজি দলে সুযোগ পাওয়া ক্রিকেটার সুমিত মহন্ত। অনুষ্ঠানে কচিকাঁচাদের ভিড় ছিল চোখে পড়ার মতো। ভার্চুয়ালি হলেও সৌরভের দেখা পেয়ে খুশি খুদেরা। তাদের সঙ্গে কিছুক্ষণ বার্তালাপ করেন সৌরভ।

বালুরঘাটের খুদে ক্রিকেটার শুভাকাশ ঘোষের বক্তব্য, 'সৌরভ গঙ্গোপাধ্যায় মানে সকল ক্রিকেটারের কাছে একটি আবেগ। তাঁর সঙ্গে অল্প সময়ের জন্য হলেও, ভাববিনিময় করতে পেরে আমি আপ্লুত। আজকের দিনটি ভোলার নয়।'

জেলার ক্রীড়া সংগঠক গৌতম গোস্বামী বলেন, 'সৌরভকে দেখতে পেয়ে আমরা সবাই আনন্দিত। নতুন প্রজন্ম সৌরভের কাছে পরামর্শ চাইছে। তিনি দক্ষিণ দিনাজপুরের ক্রীড়াবিদদের পাশে থাকার আশ্বাস দিয়েছেন।'

## সমস্যায় গঙ্গারামপুরবাসী




ছবি : এআই

# সময়ে টাকা মেলে না এটিএমে

**রাজু হালদার**

**গঙ্গারামপুর, ৮ জুলাই :** গঙ্গারামপুর চৌপথি শহরের প্রাণকেন্দ্র। যে কারণেই এখানে রয়েছে একাধিক বাণিজ্য প্রতিষ্ঠানের পাশাপাশি ৮টি ব্যাংক। রয়েছে হাফ ডজন এটিএম। কিন্তু এটিএমগুলি থেকে কখন টাকা পাওয়া যায়, সে ব্যাপারে নিশ্চিত নন তেমন কেউই। সাধারণের অভিযোগ, দিনের অধিকাংশ সময়ে এটিএমগুলিতে হয় টাকা থাকে না, নতুবা মেশিন থাকে খারাপ। ফলে চৌপথি এলাকায় প্রয়োজনীয় কেনাকাটার ক্ষেত্রে টাকা তুলতে গিয়ে সমস্যায় পড়তে হচ্ছে প্রচুর মানুষকে। শহরের অন্য প্রান্তে থাকা এটিএমগুলির দশাও একইরকম বলে বলছেন শহরবাসী।

ফি-বছর অ্যাকাউন্ট থেকে নির্দিষ্ট অর্থ কেটে নেওয়ার পরেও ব্যাংক কর্তৃপক্ষ কেন এটিএম পরিষেবা প্রতিদিন স্বাভাবিক রাখতে পারছে না, তা নিয়ে প্রশ্ন তুলছেন গ্রাহকরা। গঙ্গারামপুরের বাসিন্দা সমীরণ সরকারের বক্তব্য, 'একাধিক মার্কেট থাকায় চৌপথি এলাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ এলাকা। ফলে এখানে সাধারণ মানুষ বেশি আসেন এবং তাঁদের টাকার প্রয়োজন বেশি হয়। যে কারণে এখানে এটিএম রয়েছে বেশি। তবে দুর্ভাগ্যের বিষয়, এটিএমগুলিতে প্রায়শই টাকা থাকে না, অথবা বিকল হয়ে পড়ে থাকে মেশিনগুলি।' এটিএম পরিষেবা যখন স্বাভাবিক থাকে না, তখন কেন প্রত্যেক বছর টাকা নিচ্ছে ব্যাংকগুলি, তা নিয়ে প্রশ্ন তুলেছেন অসিত রায়। তিনি বলেন, 'টাকা যখন নিচ্ছে, তখন পরিষেবা স্বাভাবিক রাখার ক্ষেত্রে দায়বদ্ধ হওয়া উচিত ব্যাংকগুলির। কিন্তু প্রায় সময়ই এটিএম থেকে টাকা না মেলায় আমাদের সমস্যায় পড়তে হচ্ছে।' গৃহবধূ মোনালি রায় বলছেন, 'ছোটখাটো লেনদেন ব্যাংকে গেলে হয় না। এটিএম থেকে টাকা তুলতে বলে ব্যাংক। অনেক সময় বিভিন্ন জরুরি কাজে রাতে টাকার প্রয়োজন হয়। কিন্তু চৌপথির এটিএমগুলিতে ঠিকমতো টাকা থাকে না। চরম ভোগান্তিতে পড়তে হচ্ছে। বিষয়টি ব্যাংক এবং প্রশাসনের দেখা উচিত।'

> অনেক সময় বিভিন্ন জরুরি কাজে রাতে টাকার প্রয়োজন হয়। কিন্তু চৌপথির এটিএমগুলিতে ঠিকমতো টাকা থাকে না। চরম ভোগান্তিতে পড়তে হচ্ছে।
>
> **মোনালি রায়,** *গৃহবধূ*

গঙ্গারামপুরের পুর চেয়ারম্যান প্রশান্ত মিত্রের বক্তব্য, 'গুরুত্বপূর্ণ এই পরিষেবা ব্যাংক কর্তৃপক্ষের সব সময় সচল রাখা উচিত। সমস্ত ব্যাংক কর্তৃপক্ষের সঙ্গে পুরসভার পক্ষ থেকে কথা বলে সমস্যা সমাধানের চেষ্টা করা হবে।'

# বাবা-মাকে 'অসুস্থ' সাজিয়ে ভিক্ষা ব্যবসা

**দীপঙ্কর মিত্র**

**রায়গঞ্জ, ৮ জুলাই :** 'ভাড়াটে' সন্তান দিয়ে রায়গঞ্জ শহরে চলছে ভিক্ষা ব্যবসা। শহরের বিভিন্ন এলাকায় প্রায়শই চোখে পড়ে, ছেলেপুলে নিয়ে হাজির 'দুঃখী' মা, বাবা, ভাই অথবা বোন। কখনও বাবা-মা অসুস্থ, কখনও আবার বাবা-মা দুর্ঘটনায় মারা গিয়েছেন- এমন সব দুঃখের গল্প শুনিয়ে মানুষের সহানুভূতি পাওয়ার চেষ্টা করে। এদের বাড়ি আসলে কোথায় সেটাও স্পষ্টভাবে বলে না। কখনও মালদা, আবার কখনও বালুরঘাট। মঙ্গলবার দুপুরে রায়গঞ্জ রেলস্টেশন লাগোয়া এলাকায় একটি চায়ের দোকানে দুই খুদে ভিক্ষে চাইতে আসে। চায়ের দোকানে তখন অনেকেই ছিলেন। তাঁদের সন্দেহ হওয়ায়, দুজনকেই আটকান তাঁরা। ওরা জানায়, বাড়ি বর্ধমানে। বাবা, মা দুজনেই অসুস্থ তাই ভিক্ষে করতে হচ্ছে। সেখানেই ছিলেন উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের কর্মী কৌশিক দে। ওদের কথাবার্তায় অসংলগ্নতা দেখে সোজা ফোন করেন চাইল্ডলাইনে। এরপর পুলিশের সঙ্গে যোগাযোগ করেন। এরই মধ্যে দুজন পালিয়ে যায়।



ছবি : এআই

কৌশিকবাবু বলেন, 'রায়গঞ্জ শহরে এমন বাচ্চাদের সংখ্যা বেড়েই চলেছে। বিভিন্ন অছিলায় এরা ভিক্ষা করে। এদের পেছনে বড় গ্যাং রয়েছে তা নিশ্চিত। কারণ এরা একেকবার একেক রকম কথা বলছে। আজ চাইল্ডলাইনকে ফোন করতেই পালিয়ে যায়।'

সমাজকর্মী কৌশিক ভট্টাচার্যর বক্তব্য, 'অন্য পেশার চেয়ে ভিক্ষাবৃত্তি বেশি লাভজনক। সাধারণ মানুষকে বোকা বানিয়ে দালালচক্রের লোকজন এই কাজ করেন। আমরা বিভিন্ন এলাকায় কাজ করতে গিয়ে হাতেনাতে প্রমাণ পেয়েছি। শহরে প্রতিদিন প্রায় শতাধিক বাচ্চা বিভিন্ন অছিলায় ভিক্ষা করে। সাধারণ মানুষ এদের ৫ টাকা বা ১০ টাকা দিয়ে সাহায্য করেন। অনেকে আবার বেশি টাকা দিয়ে সাহায্য করেন।'

স্বেচ্ছাসেবী সংস্থা চাইল্ড ইন নিড ইনস্টিটিউটের (সিনি) সদস্য সুব্রত সাহা বলেন, 'চাইল্ডলাইনে কাজ করার সময় দেখেছি বাচ্চাগুলির বাবা-মা আশপাশের এলাকায় থাকে, আমরা বিভিন্ন এলাকায় ইনস্পেকশন করতে গিয়ে হাতেনাতে প্রমাণ পেয়েছি। তাই এ ব্যাপারে সতর্ক থাকতে হবে।'

বাচ্চাগুলোকে দেখে মনে হবে মা-বাবাহীন কোনও পরিবারের এরা। কিন্তু ওরা আসলে সবাই 'ভাড়াটে।' ওদের ওটাই কাজ। ভিক্ষা করা। ভিক্ষাবৃত্তির জগতে শিশু 'ভাড়া' পাওয়া যায়। রায়গঞ্জ শহরের বিভিন্ন এলাকায় শতাধিক বাচ্চাদের ভিক্ষা করতে দেখা যায় প্রায় রোজ। জেলা চাইল্ড ওয়েলফেয়ার কমিটির চেয়ারপার্সন দীপান্বিতা দে আগরওয়ালা বলেন, 'মাঝেমধ্যে আমরা রেলস্টেশন চত্বর এলাকায় অভিযান চালাই। আজ বাচ্চা দুটিকে উদ্ধার করে রায়গঞ্জ থানায় নিয়ে গেলে আমরা তাদের কাউন্সেলিং করে যাবতীয় তথ্য পেতাম। কিন্তু পালিয়ে যায়। এদের পিছনে কোনও গ্যাং কাজ করছে কি না তা অবশ্যই জানা দরকার।'

জেলা শিশুকল্যাণ আধিকারিক অসিত বিশ্বাসের কথায়, 'মাঝেমধ্যে পুলিশ ঝাড়খণ্ড থেকে আসা বাচ্চাদের উদ্ধার করা হয়। এরা পিক পকেট বা চুরি করতে গিয়ে ধরা পড়ে। এদের চাইল্ড ওয়েলফেয়ার কমিটির মাধ্যমে পাঠিয়ে দেওয়া হয়। গ্যাংয়ের বিষয় নিয়ে এখনও অভিযোগ আসেনি।'

## পরকীয়ার জের

# বালিশ চাপা দিয়ে খুন

সৌম্যজ্যোতি মণ্ডল

**চাঁচল, ৮ জুলাই :** তৃণমূলের প্রাক্তন পঞ্চায়েত সদস্যাকে বালিশচাপা দিয়ে শ্বাসরোধ করে খুনের অভিযোগ উঠল স্বামী সহ শ্বশুরবাড়ির লোকেদের বিরুদ্ধে। অভিযোগ, শ্যালিকার সঙ্গে পরকীয়া সম্পর্কে জড়িয়েছিলেন বিলকিস বিবি নামে ওই প্রাক্তন পঞ্চায়েত সদস্যার স্বামী মোস্তাফিজুর রহমান। স্ত্রীর অজান্তে আড়াই মাস আগে ভিনরাজ্যে নিয়ে গিয়ে বিয়েও করে নেন শ্যালিকাকে। তবে বাড়ি ফিরে পথের কাঁটা সরাতে শেষপর্যন্ত স্ত্রীকে খুন করে গ্রেপ্তার হলেন মোস্তাফিজুর। এই অভিযোগ ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে চাঁচল থানার ভগবানপুর গ্রাম পঞ্চায়েতের চারালু গ্রামে।

প্রায় ২০ বছর আগে বিলকিসের সঙ্গে বিয়ে হয় চারালু গ্রামের বাসিন্দা মোস্তাফিজুর রহমানের। তাঁদের দুটি কন্যাসন্তান রয়েছে। বিলকিসের বাবার বাড়ির লোকের অভিযোগ, বিয়ের কিছুদিন পর থেকেই স্বামী ও শ্বশুরবাড়ির লোকেরা নির্যাতন চালাতেন বিলকিসের উপর। সংসার বাঁচাতে সব মুখ বুজে সহ্য করতেন বিলকিস। বিভিন্ন সময় পারিবারিকভাবে মীমাংসাও হয়েছিল। অভিযোগ, এরই মধ্যে প্রায় আড়াই বছর আগে বিলকিসের পিসির মেয়ের সঙ্গে পরকীয়ায় জড়িয়ে পড়েন মোস্তাফিজুর।

অভিযোগ, শ্যালিকার সঙ্গে পরকীয়াতে জড়িয়ে পড়ার পর সাংসারিক অশান্তি বেড়ে যায়। বিলকিসের ওপর চলতে থাকে শারীরিক নির্যাতন। আড়াই মাস আগে মোস্তাফিজুর ভিনরাজ্যে কাজের জন্য যান। অভিযোগকারীদের দাবি, সেই সময় মোস্তাফিজুর তাঁর শ্যালিকা শাহানাজকে সঙ্গে নিয়ে গিয়েছিলেন। স্ত্রী থাকা সত্ত্বেও শাহানাজকে সেখানে বিয়ে করেন মোস্তাফিজুর। কিছুদিন আগে ভিনরাজ্য থেকে এলাকায় ফেরেন। তবে দ্বিতীয় স্ত্রীকে অন্যত্র রেখে আসেন।

মৃতার পরিবারের অভিযোগ, শ্যালিকার সঙ্গে ষড়যন্ত্র করে সোমবার রাতে বালিশচাপা দিয়ে শ্বাসরোধ করে বিলকিসকে খুন করেন মোস্তাফিজুর। খুন করতে তাঁর বাবা-মাও সহযোগিতা করেন। রাতেই মৃতার পরিবারের লোকেরা জানতে পারেন, তাঁদের মেয়ে অসুস্থ। তবে সেখানে গিয়ে দেখেন, মেয়ে অচেতন হয়ে পড়ে রয়েছে। মুখ এবং গলা কালো হয়ে গিয়েছে। তারপরই চাঁচল সুপারস্পেশালিটি হাসপাতালে নিয়ে আসা হলে কর্তব্যরত চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন। মঙ্গলবার মৃতার বাবা চাঁচল থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। মৃতদেহ ময়নাতদন্তের জন্য মালদা মেডিকেলে পাঠানো হয়। অভিযুক্ত স্বামীকে গ্রেপ্তার করেছে চাঁচল থানার পুলিশ। মৃতার বাবা সাহাবুদ্দিন বলেন, 'পরকীয়ার সম্পর্কে জড়িয়েছিল জামাই। কিছুদিন আগে বাইরে নিয়ে গিয়ে বিয়েও করেছে শুনেছি। ষড়যন্ত্র করে আমার মেয়েকে ওরা মারল।' মা নাজিমা খাতুনের অভিযোগ, 'দীর্ঘদিন ধরে অত্যাচার করছিল। প্রত্যেকের কঠোর শাস্তির দাবি জানাচ্ছি।' চাঁচল থানার এক পুলিশ আধিকারিক জানান, 'অভিযোগের ভিত্তিতে সমগ্র ঘটনার তদন্ত শুরু হয়েছে।'

**অভিযোগ**

- স্ত্রীর অজান্তেই আড়াই মাস আগে ভিনরাজ্যে নিয়ে গিয়ে শ্যালিকাকে বিয়ে করে নেন মোস্তাফিজুর
- তবে বাড়ি ফিরে এলে পথের কাঁটা হয়ে দাঁড়ান স্ত্রী
- শ্যালিকার সঙ্গে ষড়যন্ত্র করে সোমবার রাতে বালিশ চাপা দিয়ে শ্বাসরোধ করে বিলকিসকে খুন করেন মোস্তাফিজুর

# গ্র্যানাইট বিস্ফোরণে বিপদ পাহাড়ে

## নামছে ধস, রাস্তা চালু হলেও শঙ্কা

রণজিৎ ঘোষ

**সেবক, ৮ জুলাই :** ধস সরিয়ে রাস্তা খুলে দেওয়া হল ঠিকই, তবে কতক্ষণ পরিস্থিতি ঠিক থাকবে- তা নিয়ে সংশয় রয়েছে। কারণ, সেবক থেকে তিস্তাবাজার পর্যন্ত একাধিক জায়গায় মাটি, বালির পাশাপাশি বোল্ডার আলগা হয়ে রয়েছে। যে কোনও সময় সেসব ধসে পড়তে পারে রাস্তার ওপর। সেক্ষেত্রে ফের সড়ক ক্ষতিগ্রস্ত হওয়ার পাশাপাশি বড় দুর্ঘটনা ঘটতে পারে।

বিশেষজ্ঞদের মতে, নয়া রেলপ্রকল্পের জন্য টানেল তৈরি করতে গিয়ে গ্র্যানাইট বিস্ফোরণ করা হয়েছিল। এর জেরে পাহাড়ে পরিবেশের ভারসাম্য নষ্ট হয়েছে। অধিকাংশ পাথর আলগা হয়ে গিয়েছে। হালকা বৃষ্টি হলেই সেগুলো নেমে আসছে নীচে। ট্রেন চলাচল শুরু হলে পাহাড় আরও কাঁপবে। তখন ক্ষয়ক্ষতির পরিমাণ বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। পরিবেশবিদ সুভাষ দত্তর বক্তব্য, 'রেলের টানেল তৈরির জন্য পাহাড় ভাঙতে গিয়ে গ্র্যানাইট বিস্ফোরণ ঘটানো হয়েছে। ওই কম্পনে আলগা হয়েছে বোল্ডার। এখন একটু বৃষ্টি হলে সেগুলো নীচের দিকে নেমে আসছে, যা জাতীয় সড়ক দিয়ে চলাচলের ক্ষেত্রে মারাত্মক ভয়ের কারণ হয়ে উঠেছে। আগামীতে আরও বিপর্যয় অপেক্ষা করছে।'



ধস সরিয়ে রাস্তা পরিষ্কার করা হচ্ছে। মঙ্গলবার সেবকে সূত্রধরের ক্যামেরায়।

সেবক-রংপো প্রকল্প রূপায়ণের দায়িত্বপ্রাপ্ত 'ইরকন'-এর তরফে এক আধিকারিক অবশ্য দাবি করলেন, 'অত্যাধুনিক প্রযুক্তির স্লিপার তৈরি করা হচ্ছে। এতে রাবারের প্রলেপ থাকবে। তাই ট্রেন যাতায়াতে পাহাড়ে অতিরিক্ত কম্পনের কোনও সম্ভাবনা নেই।'

প্রতিবছর বর্ষায় তো বটে, অন্য সময়ও ধস নেমে কালিম্পং আর সিকিমের লাইফলাইন ১০ নম্বর জাতীয় সড়ক অবরুদ্ধ হয়ে পড়ছে। অভিযোগ, সেবক-রংপো রেলপ্রকল্পের কাজ শুরু হওয়ার পর থেকে এই পথে ধসের প্রবণতা আরও বেড়েছে। কয়েক বছর আগে পূর্ত দপ্তরের জাতীয় সড়ক বিভাগ অন্তত ১০টি এলাকা ধসপ্রবণ হিসেবে চিহ্নিত করে সেখানে পাহাড়ের গা ঘেঁষে গার্ডওয়াল নির্মাণ শুরু করেছিল। তারপরেও জাতীয় সড়কের ক্ষতি এড়ানো যাচ্ছে না। ইদানীং আবার বোল্ডার পড়তে শুরু করেছে। স্থানীয়দের দাবি, মাটি ও বালির সঙ্গে গাছপালা এবং ছোট পাথর নামত, কিন্তু অতীতে কখনও এই সড়কে বোল্ডার পড়েনি। একাধিক জায়গায় এমন ঘটনা ঘটছে।

> রেলের টানেল তৈরির জন্য পাহাড় ভাঙতে গিয়ে গ্র্যানাইট বিস্ফোরণ ঘটানো হয়েছে। ওই কম্পনে আলগা হয়েছে বোল্ডার। এখন একটু বৃষ্টি হলে সেগুলো নীচের দিকে নেমে আসছে, যা জাতীয় সড়ক দিয়ে চলাচলের ক্ষেত্রে মারাত্মক ভয়ের কারণ হয়ে উঠেছে। আগামীতে আরও বিপর্যয় অপেক্ষা করছে।
>
> **সুভাষ দত্ত**
> পরিবেশবিদ

সোমবার সকালে সেবক এবং কালিঝোরার মাঝে ভাসায়োয় একের পর এক বোল্ডার পাহাড় থেকে গড়িয়ে রাস্তায় পড়েছে। একটি যাত্রীবাহী গাড়ি বোল্ডারের আঘাতে ক্ষতিগ্রস্ত হয়। আরও কিছু বোল্ডার এমনভাবে রয়েছে, যে কোনও সময় পাহাড় থেকে গড়িয়ে পড়তে পারে। এরপরই জাতীয় সড়ক বন্ধ করে দেওয়া হয়। সড়কের দায়িত্বপ্রাপ্ত ন্যাশনাল হাইওয়ে অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (এনএইচআইডিসিএল) মঙ্গলবার সন্ধ্যা ৬টা পর্যন্ত ২৪ ঘণ্টার জন্য রাস্তা বন্ধ রেখেছিল। সমস্ত ধরনের যানবাহন চলাচল বন্ধ ছিল। কিছু যাত্রীবাহী বাস ঘুরপথে সেবকের করোনেশন সেতু দিয়ে ডুয়ার্স হয়ে কালিম্পং ও সিকিম রুটে চলেছে।

মঙ্গলবার সকাল থেকেই আর্থমুভার এনে ড্রিল করে বোল্ডারগুলো ভেঙে সরানো শুরু হয়। তিনটি আর্থমুভার প্রায় ন'ঘণ্টার চেষ্টায় কাজটি সম্পন্ন করে। তারপর সন্ধ্যায় রাস্তাটি যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে। তবে, এখানে কর্মরত এনএইচআইডিসিএল-এর কর্মীরাই একে অপরকে বলছিলেন, যেভাবে পাহাড় থেকে অনবরত বোল্ডার নামছে, তাতে এই সড়ক যে কোনও সময় ফের বন্ধ হয়ে যেতে পারে।

আশঙ্কার সুর শোনা গেল সেবক বাজারের বাসিন্দা সুমেধা তামাং, পেশায় ব্যবসায়ী হরি ছেত্রীর গলাতেও। তাঁদের কথায়, 'রেলের কাজ করতে গিয়ে যখন গ্র্যানাইট বিস্ফোরণ করা হয়েছিল, তখন আমাদের বাড়িও কেঁপেছিল। স্বাভাবিকভাবে টানেলের আশপাশের পাহাড় কেঁপেছে। এতেই পাথর আলগা হয়ে যায়। এই সড়ক আর কতদিন টিকবে, তা বলা মুশকিল।'

## উদ্ধার ২ শিশু

**পতিরাম, ৮ জুলাই :** নিখোঁজ দুই শিশু সহ চারজনকে ভিনরাজ্য থেকে উদ্ধার করল পতিরাম থানার পুলিশ। মে মাসের শুরুতে দুই সন্তান সহ এক মহিলা নিখোঁজ হন। তাঁর সঙ্গে ২০২৪ থেকে নিখোঁজ আরেক নাবালিকাকে উদ্ধার করে ফিরিয়ে আনা হয়েছে। তাকে চাইল্ড ওয়েলফেয়ার কমিটির তত্ত্বাবধানে পাঠানো হয়েছে। একই সঙ্গে ২ শিশু সহ মহিলাকে প্রথমে কমিটিতে পাঠানো হলেও, ব্যক্তিগত আবেদনের ভিত্তিতে ছেড়ে দেওয়া হয়। দুই শিশু সহ নিখোঁজ মহিলা হরিয়ানার গুরগাঁওয়ে এবং নাবালিকা উত্তরপ্রদেশের মুরাদাবাদে আছেন বলে সন্ধান পায় পুলিশ। বারবার অবস্থান বদলের জন্য তাঁদের হদিস পেতে বেশ অসুবিধা হচ্ছিল। পতিরাম থানার এসআই অমিতাভ বসাক ও এএসআই দেবাশিস আচার্যের নেতৃত্বে জেলা পুলিশের সহযোগিতায় ফোনের টাওয়ার লোকেশন ট্র্যাক করে অভিযান চালানো হয়। গভীর রাতে চারজনকে উদ্ধার করা হয়। নিখোঁজেরা ফিরে আসায় দুই পরিবার খুশি।

# ডাক্তারদের ভূমিকায় ক্ষোভ

বিশ্বজিৎ সরকার ও অনির্বাণ চক্রবর্তী

**রায়গঞ্জ ও কালিয়াগঞ্জ, ৮ জুলাই :** রায়গঞ্জ মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসকদের একাংশের অনুপস্থিতি নিয়ে ক্ষোভ প্রকাশ করলেন পশ্চিমবঙ্গ বিধানসভার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ডাঃ নির্মল মাঝি। সোমবার সকালে মেডিকেল কলেজ পরিদর্শনে এসে তিনি অভিযোগ করেন, নিয়মিতভাবে হাসপাতালে আসছেন না প্রিন্সিপাল সহ একাংশ প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর। সরকারি বেতন নেওয়া সত্ত্বেও তাঁরা কলকাতায় ব্যক্তিগত প্র্যাকটিসে বেশি ব্যস্ত থাকছেন বলেও তোপ দাগেন তিনি। এই ব্যাপারে কর্তৃপক্ষকে আরও কড়া হওয়ার পরামর্শ দিয়েছেন তিনি। ডাঃ নির্মল মাঝি বলেন, 'আসি যাই, মাইনে পাই– এভাবে চলবে না। সরকারি নিয়ম অনুযায়ী সপ্তাহে ৬ দিন ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ওই চিকিৎসিকদের মেডিকেলে উপস্থিত থেকে পরিষেবা দিতে হবে।'

মঙ্গলবার সকাল সাড়ে দশটা নাগাদ রায়গঞ্জ মেডিকেল কলেজ চত্বরে পৌঁছেই তিনি প্রথমে যান হাসপাতালের ক্যান্টিনে। রান্নাঘর ও খাদ্য প্রস্তুতির পরিবেশ খতিয়ে দেখে সন্তোষ প্রকাশ করেন। জরুরি বিভাগ, এসএনসিইউ, শিশু বিভাগ ও সিসিইউ সহ একাধিক বিভাগ পরিদর্শনের পর চিকিৎসক, নার্স ও প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে একটি বৈঠক করেন তিনি। কর্ণজোড়ায় জেলা প্রশাসনের সঙ্গেও প্রায় এক ঘণ্টা বৈঠকে অংশ নেন।

**নিদান**

- মেডিকেলে চিকিৎসকদের সপ্তাহে ৬ দিন ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত চিকিৎসা পরিষেবা দিতে হবে
- রায়গঞ্জ বিডিও অফিসকে স্থানান্তর করে ওই জায়গায় মেডিকেলের ট্রমা কেয়ার খোলা হবে
- রায়গঞ্জ মেডিকেলে দুই সপ্তাহের মধ্যে আরও ৫টি ডায়ালিসিস মেশিন বসানো হবে

পরিদর্শন সেরে ডাঃ নির্মল মাঝি বলেন, 'প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসরদের একাংশ, যাঁরা বিভিন্ন ফ্যাকাল্টিতে রয়েছেন, তাঁরা মেডিকেলে নিয়মিত আসছেন না। সপ্তাহে তিনদিন আসছেন। বাকি দিন কলকাতায় প্রাইভেট প্র্যাকটিস করছেন। এই প্রবণতা দূর করতে হবে।'

মেডিকেলে দালালচক্র নিয়ে তাঁর মন্তব্য, 'মেডিকেল কলেজে দালালচক্র সক্রিয়। কিছু অ্যাম্বুল্যান্সচালক ও অস্থায়ী কর্মী রোগীদের প্রাইভেট নার্সিংহোমে পাঠানোর চেষ্টা করছে।' এই চক্র বন্ধের ব্যাপারে স্থানীয় প্রশাসনকে সক্রিয় হওয়ার নির্দেশ দেন তিনি। স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান জানান, আগামী ১৫ দিনের মধ্যে রায়গঞ্জ মেডিকেলে আরও পাঁচটি ডায়ালিসিস মেশিন বসানো হবে। এছাড়া এমআরআই, ইকো মেশিন বসানোর প্রস্তাবও বিবেচনায় রয়েছে বলে জানান তিনি। রায়গঞ্জের বিডিও অফিস স্থানান্তর করে সেখানে একটি আধুনিক ট্রমা কেয়ার ইউনিট স্থাপনের পরিকল্পনাও ঘোষণা করেন তিনি।

রায়গঞ্জ মেডিকেল পরিদর্শনের আগে স্ট্যান্ডিং কমিটির প্রতিনিধিরা এদিন কাকিয়াগঞ্জ স্টেট জেনারেল হাসপাতাল পরিদর্শন করেন। স্ট্যান্ডিং কমিটি আসার খবরে গত দু'দিন ধরে কালিয়াগঞ্জ হাসপাতাল চত্বরকে ঝাঁ চকচকে করে তোলা হয়েছিল। কিন্তু আপাতভাবে ঝকঝকে দৃশ্য দেখানো হলেও হাসপাতালের পেছনেই জমে ছিল নিকাশিনালার নোংরা জল, যা ডেঙ্গির মশার আঁতুড়। সেদিকে অবশ্য চোখ যায়নি কমিটির সদস্যদের। কালিয়াগঞ্জ স্টেট জেনারেল হাসপাতালের পরিকাঠামো উন্নয়ন প্রসঙ্গে ডাঃ নির্মল মাঝি বলেন, 'এখন এই হাসপাতালে ৬০টি শয্যা রয়েছে। ২৫০ শয্যার নতুন বিল্ডিংয়ের কাজ চলছে। রোগীর পরিজনদের জন্য উন্নত শৌচাগার, পরিস্রুত পানীয় জলের ব্যবস্থা করা প্রয়োজন।' ব্লাড ব্যাংক, সিটি স্ক্যান, ২০ বেডের এসএনসিইউ, ১০ বেডের আইসিইউ, ডিজিটাল এক্স-রে'র প্রয়োজনীয়তার বিষয়েও বিধানসভার অধ্যক্ষ এবং মুখ্যমন্ত্রীর কাছে তুলে ধরা হবে বলে জানিয়েছেন তিনি।

এদিন পরিদর্শনের সময় নির্মল মাঝির সঙ্গে উপস্থিত ছিলেন স্ট্যান্ডিং কমিটির সদস্য তথা ঝাড়গ্রামের বিধায়ক খগেন্দ্রনাথ মাহাতো, কালিয়াগঞ্জের বিধায়ক সৌমেন রায়, মুর্শিদাবাদের বিধায়ক গৌরীশংকর ঘোষ, রায়গঞ্জের বিধায়ক কৃষ্ণ কল্যাণী, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক সুকান্ত বিশ্বাস প্রমুখ।

## জ্যোতি বসুর জন্মদিন পালিত

দক্ষিণ দিনাজপুর ব্যুরো

**৮ জুলাই :** বালুরঘাটে অবস্থিত সিপিএমের দক্ষিণ দিনাজপুর জেলা কার্যালয়ে ও এরিয়া কমিটির দপ্তরে রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর ১১১তম জন্মদিন পালিত হল মঙ্গলবার। কুশমণ্ডি ব্লকের এরিয়া কমিটির দলীয় কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা কমিটির সদস্য আবদুল জলিল। গঙ্গারামপুর এরিয়া কমিটির কার্যালয়ের সামনে জ্যোতি বসুর ছবিতে মালা ও ফুল দিয়ে শ্রদ্ধা জানান এরিয়া কমিটির সম্পাদক জীবনকুমার সরকার সহ অন্যরা। পতিরামে সিপিএম অফিসেও দিনটি পালিত হয়েছে।

## বিজয় মিছিল

**গঙ্গারামপুর, ৮ জুলাই :** সম্প্রতি গঙ্গারামপুরে মৎস্য সমবায় সমিতিতে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়লাভ করেন তৃণমূল কংগ্রেস সমর্থিত প্রার্থীরা। সেই জয় উপলক্ষ্যে মঙ্গলবার গঙ্গারামপুর শহরে বিজয় মিছিল করে তৃণমূল। এই বিজয় মিছিলে উপস্থিত ছিলেন গঙ্গারামপুর ব্লক তৃণমূল সভাপতি শংকর সরকার সহ মৎস্য সমিতির সদস্যরা।

## অসুস্থ বিধায়ক

**বহরমপুর, ৮ জুলাই :** কলকাতায় তৃণমূল ভবনে বৈঠকে যোগ দিতে যাওয়ার আগে মঙ্গলবার গুরুতর অসুস্থ হয়ে পড়লেন জঙ্গিপুর তৃণমূলের সাংগঠনিক চেয়ারম্যান তথা বিধায়ক জাকির হোসেন। পিঠ ও শিরদাঁড়ায় যন্ত্রণা অনুভব করার তড়িঘড়ি তাঁকে জঙ্গিপুর হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

## অসাংবিধানিক

*প্রথম পাতার পর*

সীমানার বাইরে বাংলার এক বাসিন্দাকে এনআরসি নোটিশ পাঠানোকে মুখ্যমন্ত্রী যে অস্ত্র করতে চাইছেন, তা স্পষ্ট।

মুখ্যমন্ত্রী এক্স হ্যান্ডেলে লিখেছেন, 'এটা প্রমাণ করে যে, অসমে ক্ষমতাসীন বিজেপি সরকার এই রাজ্যে এনআরসি চাপিয়ে দেওয়ার চেষ্টা করছে। যে ক্ষমতা বা অধিকার তাদের নেই।' দিনহাটার যাঁকে নোটিশ পাঠিয়েছে অসম সরকার, তিনি রাজবংশী জনগোষ্ঠীভুক্ত। মমতার কথায় সেই ইঙ্গিতও আছে। তিনি বলেন, 'প্রান্তিক জনগোষ্ঠীকে ভয় দেখানো, ভোটাধিকার কেড়ে নেওয়া এবং নিশানা করার পরিকল্পিত নোংরা চক্রান্ত চলছে। এর বিরুদ্ধে প্রতিটি বিরোধী দলকে ঐক্যবদ্ধভাবে লড়াই করতে হবে। বাংলা লড়াইয়ে পিছিয়ে থাকবে না।' মুখ্যমন্ত্রী স্পষ্ট করে না বললেও তৃণমূল প্রচার শুরু করে দিয়েছে যে, অসম সরকারের উদ্দেশ্য বাংলার রাজবংশী জনগোষ্ঠীকে নিশানা করা।

রাজবংশী ভোট ধরে রাখতে বিজেপি অসম সরকারকে দিয়ে এই নোটিশ পাঠিয়ে গোটা উত্তরবঙ্গে ভয়ের পরিবেশ তৈরি করতে চাইছে বলে তৃণমূলের অভিযোগ। রাজবংশী সমর্থন সরে গেলে উত্তরবঙ্গে এত আসন ধরে রাখা বিজেপির পক্ষে কঠিন হবে। সেজন্যই এই নোটিশ বলে তৃণমূল প্রচার শুরু করেছে।

## নোটিশে প্রশ্ন

*প্রথম পাতার পর*

উত্তমের বাড়ি দিনহাটা বিধানসভা এলাকাতে। স্থানীয় বিধায়ক তথা উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহর কথা, 'সব জেনেও কেন পুলিশ এতদিন রাজ্যকে জানাল না সেটা পুলিশই ভালো বলতে পারবে। আমরা যখন থেকে জেনেছি তখন থেকেই প্রতিবাদে নেমেছি।' উদয়ন বলছেন ঠিকই, তবে তৃণমূল পরিচালিত চৌধুরীহাট গ্রাম পঞ্চায়েত প্রধান রাধারানি বর্মন স্বীকার করে নিয়েছেন, তিনি শুরু থেকেই বিষয়টি জানতেন। তাঁর কথায়, 'উত্তম বাসিন্দা শংসাপত্র চেয়েছিলেন। বলেছিলেন, ওই শংসাপত্র হলেই তাঁর সমস্যা মিটে যাবে। আমি সেটা দিয়েওছিলাম। তারপর আর যোগাযোগ না করায় পরবর্তীতে বিষয়টি সম্পর্কে জানা যায়নি।' উদয়নের যুক্তি, 'পঞ্চায়েত প্রধান গ্রামীণ এলাকার সাদাসিধে মানুষ। তাই হয়তো ওই নোটিশের গুরুত্ব বোঝেননি।' জেলার পুলিশ বা প্রশাসনের কর্তারা অবশ্য নোটিশের বিষয়ে মুখ খুলতে চাইছেন না। পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য, এসডিপিও ধীমান মিত্র কেউই ফোন ধরেননি।

মঙ্গলবার বিষয়টি নিয়ে খোদ মুখ্যমন্ত্রী সরব হতেই মুখ খুলেছেন বিরোধীরা। মুখ্যমন্ত্রীর বক্তব্য খারিজ করেছেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। তাঁর কথা, 'অনুপ্রবেশকারীদের ঘাঁটি হয়ে গিয়েছে গোটা বাংলা। দিনহাটার ঘটনাটি একটি আইনি প্রক্রিয়া। সেটাকে পরিকল্পনা করে রাজনৈতিক হাতিয়ার করতে চাইছে তৃণমূল। তাই ওরা সময় ও সুযোগ খুঁজছিল। সেইমতো মানুষকে ভয় দেখাতে রাজনৈতিক তাস খেলতে চাইছে। তবে ওরা মনুষকে বোকা বানাতে পারবে না।' ছ'মাস চুপচাপ থাকলেও মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপের পরই মঙ্গলবার উত্তমকে নিজের দপ্তরে ডেকে পাঠান দিনহাটা -২'এর বিডিও নীতীশ তামাং। উত্তমকে তাঁর শংসাপত্র বিষয়ক কাগজপত্র দ্রুত তৈরি করে দেওয়ার আশ্বাস দেওয়া হয়। কেন আগে বিষয়টি নিয়ে পদক্ষেপ করা হল না? বিডিও অবশ্য সেই প্রশ্নের কোনও উত্তর দেননি।

# শমীক-দিলীপ কাছাকাছি

*প্রথম পাতার পর*

তিনি বুধবার দিল্লি যাচ্ছেন। সেখানে দু'-তিনদিন থাকবেন। নেতৃত্বের সঙ্গে কথা বলবেন।

শমীকের মুখেও একসঙ্গে কাজ করার বার্তা। তিনি বলেন, 'আমাদের কোনও ভেদাভেদ নেই। কোনও বেঙ্গল লাইন, দিল্লি লাইন নেই। আমরা কোনও নেতার অনুগামী নেই, আমরা সবাই প্রতীকের অনুগামী। আমাদের প্রতীক পদ্মফুল। ক্ষণিকের ভুল বোঝাবুঝি তৈরি হতে পারে, তার মানে দূরত্ব নয়। নতুন-পুরোনো বলে কিছু নেই। যাঁর হাতে বিজেপির পতাকা সেই বিজেপি। যে বিজেপিতে সক্রিয়, সেই বিজেপি নেতা। যিনি আর একটু সক্রিয়, তিনি আর একটু বড় নেতা। কিন্তু দিনের শেষে আমরা সবাই বিজেপি।'

এমনকি '১৫ দিনের মধ্যে ঐক্যবদ্ধ নতুন বিজেপিকে দেখা যাবে' বলেও মন্তব্য করেন বিজেপির নবনিযুক্ত রাজ্য সভাপতি। শমীক-দিলীপের এই নতুন রসায়ন তৈরির সময় শুভেন্দু ব্যস্ত থাকলেন সল্টলেকেই আরেক প্রান্তে সাংবাদিক বৈঠকে। সোমবার রাতে শমীককে ফোন করেছিলেন দিলীপ। সঙ্গে সঙ্গেই মঙ্গলবার দপ্তরে তাঁকে আসতে বলেছিলেন শমীক। নির্ধারিত সময়ে দিলীপ পৌঁছোলেন যখন, তখন সেখানে তাঁর অনুগামীদের ভিড়। স্লোগান আর ভিড় ঠেলে দিলীপ পৌঁছে যান রাজ্য সভাপতির ঘরে। শমীককে উত্তরীয় পরিয়ে সংবর্ধনা জানান। পদ্মস্মারক ও জগন্নাথের মূর্তি উপহার দেন। এরকম দিনে কিন্তু শমীক ও দলের রাজ্য শাখার অন্যতম সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় ছাড়া আর তেমন উল্লেখযোগ্য কোনও নেতাকে দেখা যায়নি। দপ্তরে থাকলেও দিলীপকে এড়িয়ে গিয়েছেন জগন্নাথ। দিলীপ অবশ্য বললেন, 'দূরত্ব তৈরি হওয়ার প্রশ্ন নেই। যেখানেই থাকি, বিজেপিরই কাজ করছি। তবে আজকের পরে দলের কর্মীদের কাছে আশঙ্কার মেঘ কেটে যাবে।'

## ফের সংঘর্ষ

**গঙ্গারামপুর, ৮ জুলাই :** সোমবারের ঘটনার রেশ না কাটতেই মঙ্গলবার ফের নিউ মার্কেট এলাকায় দুই তরুণের মারপিটকে কেন্দ্র করে দুই গোষ্ঠীর মধ্যে উত্তেজনা ছড়ায়। খবর পেয়ে গঙ্গারামপুর থানা থেকে বিশাল পুলিশবাহিনী তড়িঘড়ি ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। সোমবারের সংঘর্ষে দুই গোষ্ঠীর বিরুদ্ধেই পরস্পরের বিরুদ্ধে অস্ত্র নিয়ে হামলার অভিযোগ উঠেছিল। এর জেরে গঙ্গারামপুর থানায় লিখিত অভিযোগ দায়ের হয়।

## দেহ উদ্ধার

**কানকি, ৮ জুলাই :** মঙ্গলবার ডালখোলা রেল থানার অন্তর্গত হাটোয়ার স্টেশনের কাছে এক ব্যক্তির দেহ উদ্ধার করল রেল পুলিশ। শিলিগুড়িগামী একটি মালগাড়িতে কাটা পড়েন ওই ব্যক্তি। তাঁর পরিচয় জানতে পারেনি পুলিশ।

# ছাত্রীর শ্লীলতাহানি

*প্রথম পাতার পর*

এই বিষয়ে বলতে গেলে অভিযুক্তর সঙ্গে বাকবিতণ্ডায় জড়িয়ে পড়েন অভিভাবকরা। তখনকার মতো উত্তেজনা থেমে গেলেও মঙ্গলবার সকালে উত্তেজিত গ্রামবাসীরা অভিযুক্তের দোকানে আগুন লাগিয়ে দেন। পাশাপাশি তাঁরা স্কুলে গিয়ে বিক্ষোভ দেখাতে শুরু করেন। ফলে স্কুল চত্বরে চরম উত্তেজনার সৃষ্টি হয়। আগুন লাগার খবর পেয়ে ঘটনাস্থলে আসে ডালখোলা দমকলকেন্দ্রের একটি ইঞ্জিন। অভিভাবকদের দাবি, অভিযুক্ত পিওনের বিরুদ্ধে এর আগেও স্কুলের ছাত্রীদের যৌন নির্যাতনের অভিযোগ উঠেছে। তা সত্ত্বেও স্কুল কর্তৃপক্ষ তার বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেয়নি।

স্কুলের প্রধান শিক্ষকের দাবি, 'গতকাল বিষয়টি স্কুলেরই এক দিদিমণির মুখে জানতে পেরে অভিযুক্তকে কাজ থেকে বরখাস্ত করে দেওয়া হয়েছিল। এদিন ওই অস্থায়ী পিওনের বিরুদ্ধে ডালখোলা থানায় লিখিত অভিযোগও দায়ের করা হয়েছে।'

নির্যাতিতার মা বলেন, 'আমার স্বামী কর্মসূত্রে রাজ্যের বাইরে থাকে। আমার একমাত্র মেয়ের বয়স ১১ বছর। এইটুকু বাচ্চা মেয়ের সঙ্গে অমানবিক ঘটনা ঘটিয়েছে স্কুলেরই এক অস্থায়ী কর্মী।' মায়ের দাবি, 'মেয়ে স্কুল থেকে বাড়ি এসে প্রথমে ভয়ে আমাকে কিছু জানায়নি। রাতে সে অসুস্থ হয়ে পড়ে। আমি তাকে জিজ্ঞেস করলে সে আমাকে পুরো ঘটনা জানায়। রাতে আমার মেয়ে যন্ত্রণায় ঘুমোতে পারেনি। আমি অভিযুক্তের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি, যাতে এই ধরনের ঘটনা আগামীতে কেউ ঘটানোর সাহস না পায়।'

ঘটনা প্রসঙ্গে ইসলামপুর পুলিশ জেলার অতিরিক্ত সুপার থেন্ডুপ শেরপা বলেন, 'অভিযোগের ভিত্তিতে অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। পুরো ঘটনার তদন্ত শুরু করা হয়েছে।' কিছুদিন আগে কসবার ল' কলেজে তরুণীকে ধর্ষণের অভিযোগে উত্তাল হয়ে ওঠে রাজ্য রাজনীতি। এরই মধ্যে উত্তর দিনাজপুরে পরপর দুটি স্কুলে যৌন নির্যাতনের অভিযোগ ওঠায় শিক্ষাপ্রতিষ্ঠানেও ছাত্রীদের নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন গোটা শিক্ষা মহল।

## বিয়ে রুখল পুলিশ

**ডোমকল, ৮ জুলাই :** নাবালিকার বিয়ে রুখল পুলিশ। মঙ্গলবার মুর্শিদাবাদের ডোমকলের জলঙ্গিতে ঘটনাটি ঘটেছে। পাত্র সহ তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, জলঙ্গির ১৬ বছরের নাবালিকার সঙ্গে বিহারের কাটিহারের বাসিন্দা এক তরুণের বিয়ে ঠিক হয়েছিল। নাবালিকা নবম শ্রেণির পড়ুয়া। আর ৩৫ বছরের ওই তরুণ বিহারের একটি স্কুলের শিক্ষক। দুই পরিবারের সম্মতিতে এদিন তাঁদের বিয়ের কথা ছিল। স্থানীয় একটি স্বেচ্ছাসেবী সংস্থার সদস্যরা বিষয়টি প্রশাসনকে জানান। এরপর সেখানে আসেন পুলিশ ও প্রশাসনের আধিকারিকরা। রুখে দেওয়া হয় নাবালিকার বিয়ে। পাত্র এবং পাত্রী উভয়ের বাবাকে গ্রেপ্তার করেছে পুলিশ। প্রথমে পরিবারের সদস্যরা দাবি করেছিলেন, মেয়েটি প্রাপ্তবয়স্ক। যদিও পরে পুলিশের জেরায় তাঁরা স্বীকার করে নেন, পাত্রী আদতে নাবালিকা।

# বন্দিদশা থেকে মুক্ত তিন শ্রমিক

পরাগ মজুমদার

**বহরমপুর, ৮ জুলাই :** বাংলা বলাটাই কাল হয়ে দাঁড়িয়েছিল রুজিরুটির টানে ভিনরাজ্যে পাড়ি দেওয়া তিন পরিযায়ী শ্রমিকের জন্য। অনুপ্রবেশকারী সন্দেহে তাঁদের গ্রেপ্তার করেছিল পুলিশ। বন্দিদশা কাটিয়ে মুক্ত হয়ে বাড়ি ফিরে আসলেও তাঁদের প্রত্যেকের চোখেমুখে আতঙ্কের ছাপ এখনও স্পষ্ট।

সপ্তাহ দুয়েক আগে মুর্শিদাবাদের ডোমকল লাগোয়া ঘাসিপুর এলাকা থেকে পরিযায়ী শ্রমিকের একটি দল কাজের খোঁজে ভিনরাজ্যের উদ্দেশে রওনা দিয়েছিল। তাঁদের মধ্যে কেউ কেরল, কেউ মুম্বই, কেউবা ওড়িশায় গিয়েছিলেন। তাঁদের মধ্যে ইনাজুল শেখ, হামিদুল শেখ ও রাব্বুল ইসলাম প্রতিবেশী রাজ্য ওড়িশার জগৎসিংপুর এলাকায় কাজে যোগ দিয়েছিলেন। প্রথম দু'একদিন দিব্যি কেটে যায়। তারপর ঘটে সেই বিপত্তি। একদিন পুলিশ এই তিন শ্রমিককে বাংলায় কথা বলতে শোনে। তারপর অনুপ্রবেশকারী সন্দেহে তাঁদের পাকড়াও করে। অভিযোগ, এই তিন পরিযায়ী শ্রমিক তাঁদের সব তথ্য পুলিশকে জমা দেওয়া সত্ত্বেও সেখানকার পুলিশ তাঁদের বিশ্বাস করেনি।

**কী ঘটেছে**

- সপ্তাহ দুয়েক আগে ওড়িশায় পাড়ি দিয়েছিলেন মুর্শিদাবাদের ৩ পরিযায়ী শ্রমিক
- বাংলাদেশি অনুপ্রবেশকারী সন্দেহে গ্রেপ্তার
- নথিপত্র দেখানো সত্ত্বেও কোনও লাভ হয়নি বলে অভিযোগ
- পশ্চিমবঙ্গের পুলিশ ও প্রশাসনের হস্তক্ষেপের পর তাঁরা মুক্তি পান

এদিকে, ওই তিন শ্রমিকের গ্রেপ্তার হওয়ার খবর তাঁদের পরিবারের সদস্যদের কাছে পৌঁছায়। বাংলা ভাষায় কথা বলার অপরাধে তাঁদের গ্রেপ্তার করা হয়েছে জেনে পরিবারের সদস্যরা তড়িঘড়ি স্থানীয় প্রশাসনের সঙ্গে যোগাযোগ করেন। বাড়ির মানুষগুলোকে বাড়িতে ফিরিয়ে আনার অনুরোধ জানান তাঁরা। বিষয়টি জানতে পেরে মুর্শিদাবাদ জেলা পুলিশের ডেপুটি সুপার (সদর) তমালকুমার বিশ্বাস, সদর সার্কেলের সিআই প্রসেনজিৎ দত্ত সহ অন্যান্য আধিকারিক ওড়িশা পুলিশের সঙ্গে যোগাযোগ করেন। এরপর যাবতীয় নথিপত্র প্রমাণ হিসেবে পেশ করার পর ওই পরিযায়ী শ্রমিকদের মুক্ত করা হয়। অবশেষে মঙ্গলবার তাঁরা নিজেদের গ্রামে এসে পৌঁছান। মুর্শিদাবাদ জেলা পুলিশের ডেপুটি সুপার (সদর) বলেন, 'সমস্ত নথি খতিয়ে দেখার পর ওঁদের যে ফিরিয়ে আনতে পেরেছি এটাই সবচেয়ে আনন্দের বিষয়।'

নিজেদের গ্রামে ফিরেও অজানা আতঙ্ক ও অনিশ্চয়তা তাঁদের পিছু ছাড়ছে না। বাড়ি ফেরত ইনাজুলের কথায়, 'আমরা বিভিন্ন সময়ে কাজের খোঁজে একাধিক রাজ্যে ঘুরে বেড়াই। মাতৃভাষা বাংলা, তাই বাইরের রাজ্যে গেলেও নিজেদের মধ্যে এই ভাষাতেই কথা বলি। কিন্তু এবার কাজের জন্য ভিনরাজ্যে গিয়ে যেরকম অভিজ্ঞতা হল তা সারাজীবন মনে থাকবে। কেবল বাংলাতে কথা বলার জন্য আমরা সেখানে মুহূর্তের মধ্যে অনুপ্রবেশকারী হয়ে গেলাম।'

তিনি জানান, কয়েকদিন ধরে একটা বড় ঘরের মধ্যে তাঁদের আটকে রাখা হয়েছিল। তাঁদের সঙ্গে আরও অনেকে ছিলেন। এই মুহূর্তে বাইরের রাজ্যে গিয়ে কাজ করার কথা আর ভাবছেন না বলে তিনি জানান। অপর পরিযায়ী শ্রমিক রাব্বুলের মতে, 'মুর্শিদাবাদের পুলিশ পাশে ছিল বলে হয়তো এই যাত্রায় মুক্তি পেলাম।' অন্যদিকে হামিদুল বলেন, 'বন্দি অবস্থায় আমাদের সঙ্গে দুর্ব্যবহার করা হয়েছে। ঠিক করে খেতে দিত না।' তাঁরা বাড়ি ফিরে আসায় পুলিশ ও প্রশাসনকে ধন্যবাদ জানিয়েছেন পরিবার পরিজনরা।

# পূরণ করা যাবে না

*প্রথম পাতার পর*

আর নাটক শেষে সটান হাজির নির্দেশকের কাছে। তিনি মালদা মালঞ্চের কর্ণধার পরিমল ত্রিবেদী। তখন সদ্য এসেছি মালদায়। ধীরে ধীরে কাছে টেনে নিলেন পরিমলদা। তাঁর বাসস্থানে, মহড়ার ফাঁকে, দুর্গাকিঙ্কর সদনের অলিন্দে, একটু একটু করে শুনতে থাকলাম তাঁর থিয়েটারি লড়াইয়ের গল্প, আর আমাদের থিয়েটারের কাহিনী। প্রান্তিক জায়গায় প্রতিবাদের থিয়েটার, নানান বাধাবিপত্তি কাটিয়ে ধীরে ধীরে মালদা মালঞ্চের হয়ে ওঠা, পরিমলদার সাংগঠনিক মুনশিয়ানা ছাড়া সম্ভব হত না। দোসর ছিল তাঁর নিজস্ব থিয়েটার বোধ। থিয়েটার করতে হলে যে মাটি আঁকড়ে, মাটি ছুঁয়েই করতে হয়, সে কথা পরিমলদা দেখিয়ে গিয়েছেন। অনুকরণ ছেড়ে নিজের কথা, নিজের সংস্কৃতির কথা তেজের সঙ্গে বলতে পারাই থিয়েটার, শিখিয়েছেন পরিমল ত্রিবেদী। এই দর্শন থেকে একে একে উঠে এসেছে 'রানীর ঘাটের বৃত্তান্ত', 'গম্ভীরা গম্ভীরা', 'আলকাপ মায়া'র মতো নাটক। আপামর বাংলা তথা ভারতের সামনে মালদা জেলার সংস্কৃতি, ভাষা ও যাপন আর কখনও এমনভাবে নিরন্তর মঞ্চের আলোয় উদ্ভাসিত হয়ে ওঠেনি। মালদা জেলার গম্ভীরা গান নিয়ে বাঁধা তাঁর নাটক 'গম্ভীরা গম্ভীরা' কি শুধুই গম্ভীরা গানের প্রকাশ? গম্ভীরার কাঠামো নিয়ে তাঁর নানান ওঠানামা, সংকট কীভাবে প্রসেনিয়াম মঞ্চে আধুনিক নাট্যের মোড়কে নিয়ে আসা যায়, পরিমলদা দেখিয়েছিলেন। নাট্য পরিভাষায় 'আরবান ফোক' থিয়েটারের এমন নজির পাওয়া দুষ্কর। অথবা পরবর্তী সময়ে মালদা মালঞ্চের 'চাঁদ মনসা কথা' নাটকটিকেও সেই পর্যায়ে রাখা যায়। আমাদের লোকায়ত সংস্কৃতি বারবার মঞ্চে জীবন্ত হয়ে উঠেছে পরিমলদার হাত ধরে। মনে পড়ে যাচ্ছে এই নাটকের পরে চাঁদ সওদাগর চরিত্র নিয়ে পরিমলদার সঙ্গে আমার দীর্ঘ আলোচনা হয়। একটু অন্য ধাঁচের 'এবং বিদ্যাসাগর' নাটকটিও সময়োপযোগী। পরিমলদার ভাবনায় জীবন্ত হয়ে ওঠে বাংলায় সেই সময়ের সমাজ সংস্কারের চেহারাটা। আরও অনেক এমন নাটক কড়া নেড়ে যাচ্ছে মনে।

নাটকগুলি যত হানা দিচ্ছে স্মৃতি জুড়ে, পরিমলদা আর নেই এই বাস্তবটা বিশ্বাস হচ্ছে না যেন আরও বেশি করে। মালদা জেলার নানান নাট্যদলের মধ্যে এখন তরুণদের অনেকেই ভালো কাজ করছেন। তাঁদের সবার কাছে তিনি কখনও পরিমলকাকু, কখনও পরিমল জ্যেঠু। যে দলেরই নাটক হোক, ঠিক হাজির হবেন পরিমলদা, এই বিশ্বাস আমাদের ছিল। তাঁদের নাট্য নির্মাণে সাধ্যমতো সাহায্য করেছেন পরিমলদা। আমাদের গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের ড্রামা ক্লাবের 'স্ত্রীর পত্র' নাটকের মহড়ার সময় সোজা দলবেঁধে হাজির হই ওঁর দক্ষিণ কৃষ্ণপল্লির বাড়িতে। সেদিন যত্ন করে, অথচ কড়াভাবে ভুলগুলো ধরিয়ে দিয়েছিলেন ওদের পরিমলকাকু। কাল থেকে মালদা জেলায় নাটকের অভিনয় হলে একটা আসন খালি থেকে যাবে। সেই বিরাট শূন্যতা আর কখনও পূরণ করা যাবে না।

## নতুন করে

*প্রথম পাতার পর*

এই জেলায় পুলিশও যথেষ্ট সক্রিয়।'

অন্যদিকে, ওই ঘটনার প্রতিবাদে মঙ্গলবার বিকেলে মালদা শহরের পোস্ট অফিস মোড়ে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মূর্তির পাদদেশে অবস্থানে বসেছেন ইংরেজবাজারের বিজেপি বিধায়ক শ্রীরূপা মিত্র চৌধুরী। তাঁর দাবি, তিনি পুলিশের নিষ্ক্রিয়তা এবং এলাকায় শান্তিশৃঙ্খলা ফেরাতে অবস্থানে বসেছেন। ঘটনা নিয়ে এখনও পর্যন্ত জেলা প্রশাসনের তরফে কোনও কিছু জানানো হয়নি। পুলিশ সুপারকে বারবার ফোন করা হলেও তিনি ফোন ধরেননি।

